হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়



শত বাধার মুখেও যেভাবে সফল হলেন প্রিয়াঙ্কা -পৃষ্ঠা-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৫ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ১৮ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৩ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২৪ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com





## মেহেরপুরে নারীর কর্মজীবনে দৃশ্যমান অগ্রগতি
## গ্রাম থেকে শহর নারীরা স্বাবলম্বী হওয়ার পথে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে দিন দিন কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ দৃশ্যমানভাবে বেড়েছে। আগে যেখানে নারীরা ঘরের বাইরে এক পা রাখলেও সমাজের চোখে তিরস্কৃত হতেন, আজ সেই নারীরাই নানা পেশায় নিজেদের স্বতন্ত্র পরিচয় প্রতিষ্ঠা করছেন। ছোট উদ্যোক্তা প্রকল্প, এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান ও কৃষিভিত্তিক কাজে নারীরা আগের তুলনায় অনেক বেশি সক্রিয়। কৃষিকাজে পুরুষদের পাশাপাশি নারীরা দক্ষতার সঙ্গে অংশ নিচ্ছেন। পেঁয়াজ, কচু, মরিচ তোলা ও বাছাইয়ের কাজে নারীদের অংশগ্রহণ পুরুষদের চেয়ে বেশি। গ্রামের নারী শ্রমিকরা ধানক্ষেত, ইটভাটা ও রাস্তা মেরামতের কাজেও নিরলসভাবে অংশ নিচ্ছেন। শহরের বাসস্ট্যান্ড এলাকার জান্নাত জারা জানিয়েছেন, "একটি আইটি প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নিয়ে গ্রাফিক্স ডিজাইনের কাজ করছি। বতর্মানে যা আয় হয় তা থেকে নিজের খরচসহ পরিবারকেও সহযোগিতা করতে পারছি।" সদরের কুলবাড়িয়া গ্রামের নার্গিস খাতুন বলেন, "এক সময় শুধু সংসারের কাজ করতাম। এখন স্থানীয় একটি সেলাই প্রশিক্ষণ কেন্দ্রে কাজ করে নিজের রোজগার করছি।"

মুজিবনগর উপজেলার শারমিন আক্তারও নিজ বাড়ির উঠানে আঙ্গুর চাষ করে সফল হয়েছেন। শারমিন জানান, "করোনার সময় বাচ্চার দুধ কিনতে বহুজনের কাছে টাকা ধার চেয়েছিলাম। কেউ সাহায্য করেনি। পরে বাড়িতেই আঙ্গুর চাষ শুরু করি। গত দু'বছর ধরে ভালো ফলন পাচ্ছি, আল্লাহর রহমতে এখন স্বাবলম্বী।" মেহেরপুরে অনেক নারী পারিবারিকভাবে গরু, ছাগল, হাঁস-মুরগি ও ভেড়ার খামার গড়ে তুলেছেন। এসব খামার থেকে নারী-রা যেমন স্বাবলম্বী হচ্ছেন, তেমনি পরিবারে স্বচ্ছলতা ফিরছে। এছাড়া শহরে নারী-চালিত বিউটি পার্লার, বুটিক হাউজ ও খাবারের দোকান গড়ে উঠেছে। স্থানীয়

২-এর পৃষ্ঠা দেখুন


## "শিক্ষক মানে আলো, পথ দেখায় জীবন ভরা আলো"
## মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবসে গুণী শিক্ষকদের স্বীকৃতি

নিজস্ব প্রতিবেদক

শিক্ষকরা যেমন জ্ঞান দেন, তেমনি জীবনেও পথ দেখান। সেই শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার জন্য মেহেরপুর জেলা পর্যায়ে বিশ্ব শিক্ষক দিবস-২০২৫ উপলক্ষে মেহেরপুর জেলা পর্যায়ে শিক্ষার বিভিন্ন স্তরে অবদান রাখা গুণী শিক্ষকদের নাম ঘোষণা করা হয়েছে। জেলার শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ তাদের সম্মান জানানো হবে। কলেজ ও স্কুল পর্যায়ে সম্মানিত শিক্ষকরা হলেন, কলেজ পর্যায় সম্মানিত শিক্ষক মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম নজরুল কবির। স্কুল কলেজ পর্যায় সম্মানিত শিক্ষক আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবির। মাদ্রাসা পর্যায় এবতেদায়ীতে পর্যায় সম্মানিত শিক্ষক মুজিবনগর উপজেলার মানিকনগর ডিএইচ আমিনিয়া আলিম মাদ্রাসার মৌলভী শামীমা আক্তার। দাখিলে পর্যায় সম্মানিত শিক্ষক আমঝুপি আলিম মাদ্রাসার আইসিটি বিভাগের সহকারী শিক্ষক মোছাঃ দিলরুবা পারভীন। ফাজিলে পর্যায় সম্মানিত শিক্ষক আমঝুপি ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মোহাম্মদ মাহবুব-উল-আলম। কারিগরি শিক্ষায় গুণী শিক্ষকরা হলেন মাধ্যমিক (কারিগরি): মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের ইলেকট্রিক্যাল বিভাগের শিক্ষক টিপু সুলতান। কলেজ (কারিগরি): মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের চিফ ইন্স্ট্রাক্টর মোঃ শফিউদ্দিন। জেলা শিক্ষা কর্মকর্তারা বলেন, "শিক্ষকরা জাতির ভবিষ্যতের রূপকার। তাদের অবদানের



২-এর পৃষ্ঠা দেখুন




## র‍্যাবের অভিযানে গাঁজা উদ্ধার, একজন গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-১২, সিপিসি-৩ অভিযানে চুয়াডাঙ্গা জেলার দামুরহুদা থানার ইব্রাহিমপুর গ্রাম থেকে ৪ কেজি ৩৫০ গ্রাম গাঁজা ও ৩টি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। অভিযানে মোঃ সহিদ বিশ্বাস (৬৮) নামে একজনকে গ্রেফতার করা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা আলোচনা সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর জেলা প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশনের যৌথ আয়োজনের এই সভা গতকাল বুধবার (১৭ সেপ্টম্বর) সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, হিন্দু, মুসলিম, খ্রিস্টান ধর্মাবলম্বী প্রতিনিধি ও বিভিন্ন পেশার মানুষ অংশগ্রহণ করেন।বক্তারা বলেন, "ধর্মের নামে কিছু বিশেষ গোষ্ঠী সমাজে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর সদর উপজেলায় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা শুরু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির উদ্যোগে উপজেলা পর্যায়ে সপ্তাহব্যাপী ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার বর্ণাঢ্য উদ্বোধন করা হয়েছে। গতকাল বুধবার (১৭ সেপ্টম্বর) সকালে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে জমির ন্যায্য মুল্যের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহ প্রতিবেদক

ঝিনাইদহ-যশোর মহাসড়ক ৬ লেনে উন্নীতকরণে ক্ষতিগ্রস্থ জমির মালিক ও ব্যবসায়ীদের ন্যায্যমুল্যে দেওয়ার দাবীতে মানববন্ধন ও সড়ক অবরোধ করা হয়েছে। গতকাল বুধব-ার(১৭ সেপ্টম্বর) সকালে কালীগঞ্জ উপজেলা শহরের মেইন বাসস্ট্যান্ডে এ কর্মসূচীর আয়োজন করে ক্ষতিগ্রস্থ জমির মালিক ও ব্যবসায়ীরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ব্যবসায়ী, স্থানীয়সহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। সেসময় ক্ষতিগ্রস্থ জমির মালিক আলহাজ শহিদুল ইসলাম, বদরুজ্জামান, ডা: জহুরুল ইসলাম, কমিশনার আনোয়ারসহ অন্যান্যরা বক্তব্য

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে বিদ্যালয় শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন প্রজাতির বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার (১৭ সেপ্টম্বর) সকালেই মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে গাছের চারা বিতরণ

২-এর পৃষ্ঠা দেখুন



## তারুণ্যের উৎসবে যুব ঋণ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে "তারুণ্যের উৎসব" উপলক্ষে যুব ঋণের চেক বিতরণ ও প্রশিক্ষণার্থীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।গতকাল বুধবার (১৭ সেপ্টম্বর) সকালে জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক হামিদুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়া জেনারেল হাসপাতালে দুদকের অভিযান

কুষ্টিয়া প্রতিবেদক

কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রোগীদের হয়রানির অভিযোগে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বুধবার (১৭ সেপ্টেম্বর) দুপুরে এ অভিযান পরিচালনা করে দুদকের জেলা সমন্বিত কার্যালয়ের তদন্ত দল।চার সদস্যের এ তদন্ত দল প্রায় ঘণ্টাব্যাপী এ অভিযানে বিভিন্ন কাগজপত্র খতিয়ে দেখেন। দুদক কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক বিজন কুমার রায় বলেন, 'চিকিৎসা সেবা প্রদানে রোগীদের বিভিন্নভাবে হয়রানি ও ডিউটি সময়ে চিকিৎসকদের অনুপস্থিতিসহ এমন অভিযোগের ভিত্তিতে আজকের এ অভিযান পরিচালনা করা হয়েছে। তিনি

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর সরকারি কলেজে "প্রতি চিন্তা"র মোড়ক উন্মোচন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি কলেজের মিলনায়তনে গতকাল বুধবার (১৭ সেপ্টেম্বর) কলেজের বার্ষিক ম্যাগাজিন "প্রতি চিন্তা"র মোড়ক আনুষ্ঠানিকভাবে উন্মোচন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম নজরুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক সহযোগী অধ্যাপক মোঃ খেজমত আলী

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে জমইয়াতো হিববুল্লাহ্ কর্মী সম্মেলন-২০২৫

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে দারুচ্ছুন্নাত নেছারীয়া ও মোখতারীয়া কমপ্লেক্সে মঙ্গলবার অনুষ্ঠিত হলো বাংলাদেশ জমইয়াতো হিববুল্লাহ্ কর্মী সম্মেলন-২০২৫। জমইয়াতো হিববুল্লাহ কর্মী, স্থানীয় নেতৃবৃন্দ ও ধর্মপ্রাণ মানুষ এতে অংশ নেন। সম্মেলনে উপস্থিত ছিলেন ছারছীনা দরবার শরীফের হযরত মাওলানা কাজী মফিজ উদ্দীন জিহাদী ও হযরত মাওলানা মোঃ রুহুল কুদ্দুস। সম্মেলনের সভাপতিত্ব করেন হাজ্বী হাফেজ কারী মোঃ নাজমুল হক ফারুকী। সঞ্চালনা করেন হাফেজ মোঃ রুহুল আমিন আশরাফী। স্থানীয় সাংবাদিক, রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানিয়েছেন, এই

২-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গায় সবুজ উদ্যোক্তা উন্নয়ন প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা প্রতিবেদক

তরুণদের নতুন চিন্তা, সামাজিক উদ্ভাবন ও দায়িত্বশীল নেতৃত্বই পারে জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও সবুজ অর্থনীতির ভিত্তি গড়ে তুলতে। সে লক্ষ্যে বুধবার বিকালে চুয়াডাঙ্গার ওয়েভ ট্রেনিং সেন্টারে অনুষ্ঠিত হয় ইয়ুথ গ্রিন এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট প্রকল্পের অবহিতকরণ সভা। উন্নয়ন সংস্থা ওয়েভ ফাউন্ডেশন ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় এ প্রকল্পটি চুয়াডাঙ্গা, ঝিনাইদহ সদর এবং মেহেরপুর সদর উপজেলায় বাস্তবায়ন করছে। অবহিতকরণ সভায় প্রধান অতিথি

২-এর পৃষ্ঠা দেখুন

### মামুনুর রশিদ মামুন খবর (জেলা প্রশাসক চত্বরে অপহরণ)

পারবি না তো নিবি কেন
বিদেশ যাওয়ার টাকা
নিজে খাচ্ছিস পোলাও বিরানি
পরের পকেট করে ফাঁকা।
তোরাও বাবা কেমন ছেলে
না জেনেই দিস টাকা
পাইলে ভিসা হয়ত ভালো
তা না হলে কপাল সবার ফাটা।
বসতবাড়ি বন্দুক দিয়ে
টাকা দিল দালালকে
সোনার হরিণ ধরবে বলে
সবাই থাকে লাইনে।
কোট তাকে দিল জাবিন
সহ্য তোদের হলো না
জোর করে তাকে তুললে গাড়ি
পুলিশ তোদের ছাড়লো না।

## ফয়জুল কবির মেহেরপুর জেলা গুণী শিক্ষক নির্বাচিত

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবির মেহেরপুর জেলার শ্রেষ্ঠ গুণী শিক্ষক নির্বাচিত হয়েছেন। বিশ্ব শিক্ষক দিবস-২০২৫ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশক্রমে জেলা ও উপজেলা পর্যায়ে গুণী শিক্ষক নির্বাচন প্রক্রিয়ার অংশ হিসেবে এই সম্মান দেওয়া হয়েছে। ফয়জুল কবির ২০০৫ সালে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে শিক্ষকতা শুরু করেন। তিনি বিভি-ন্ন প্রশিক্ষণ প্রকল্পে জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষক প্রশিক্ষকের দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি এটুআই কর্তৃক মনোনীত আইসিটি জেলা এম্বাসেডর ও প্রশিক্ষক, টেলিভিশন ক্লাস স্ক্রিপ্ট লেখক,

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়ায় পলিটেকনিক শিক্ষার্থীদের সড়ক অবরোধ

কুষ্টিয়া প্রতিবেদক

সাত দফা দাবি আদায়ে সড়ক অবরোধ করে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করেছে কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা।গতকাল বুধবার (১৭ সেপ্টেম্বর) সকাল ১১টায় পলিটেকনিক ইনস্টিটিউট থেকে একটি বিক্ষোভ মিছিল নিয়ে শহরের

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ৩ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ১৮ সেপ্টেম্বর ২০২৫ইং


# দেশে অচলাবস্থার সৃষ্টি করতে পিআর পদ্ধতির দাবী তোলা হচ্ছে : দুদু



চুয়াডাঙ্গা প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল- বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, 'বর্তমানে দেশে অচলাবস্থার সৃষ্টি করতে পিআর পদ্ধতির দাবী তোলা হচ্ছে। আগামী জাতীয় সংসদ নির্বাচন প্রচলিত পদ্ধতিতেই করতে হবে।' বুধবার দুপুরে তিনি চুয়াডাঙ্গায় নিজ বাড়িতে দলীয় নেতাকর্মিদের সাথে মতবিনিময়কালে এসব কথা বলেন। তিনি বলেন, 'জাতীয় সংসদ নির্বাচন ফেব্রুয়ারির মধ্যে হলে অনেক বিতর্ক এড়িয়ে যাওয়া সম্ভব। বিএনপি সেটিই চায়।' পিআর পদ্ধতির দাবী প্রসঙ্গে তিনি বলেন, 'পিআর পদ্ধতি এদেশে আগে কখনও ছিলো না। এর ভালোমন্দ নেপালের দিকে দেখলে বোঝা যায়। সেখানে ১০ বছরে ১০টি সরকার এসেছে। যারা এ দাবী করছে, জনগণ যদি দাবী মেনে আগামীতে তাদের বিজয়ী করে তখন তারা এ পদ্ধতির বাস্তবায়ন করতে পারবে।' জাতীয় নির্বাচনে ছাত্র সংসদ নির্বাচনের প্রভাব সম্পর্কে দুদু বলেন, 'ছাত্র সংসদ নির্বাচনে বিজয়ীদের মূল দল জাতীয় নির্বাচনেও ভালো করবে এমন নাও হতে পারে। এ ধরনের দৃষ্টান্তও ইতিপূর্বে দেখা যায়নি।' চুয়াডাঙ্গার দু'টি আসনে বিএনপির বর্তমান

## জীবন ধারা



# যে ব্যায়ামে কমবে ক্যানসারের ঝুঁকি

সূর্যোদয় প্রতিবেদন

ক্যানসারের ঝুঁকি কমাতে সুষম খাদ্যাভ্যাস, ধূমপান ত্যাগ, মানসিক চাপ নিয়ন্ত্রণের পাশাপাশি নিয়মিত ব্যায়ামের গুরুত্বও দিন দিন স্পষ্ট হয়ে উঠছে। সাম্প্রতিক গবেষণা বলছে, সঠিক শরীরচর্চা ক্যানসার প্রতিরোধ ও নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা রাখতে পারে। ব্যায়ামে তৈরি হয় ক্যানসারবিরোধী প্রোটিন :অস্ট্রেলিয়ার এডিথ কোয়ান বিশ্ববিদ্যালয়ের এক গবেষণায় দেখা গেছে, রেজিস্ট্যান্স ট্রেনিং এবং হাই-ইন্টেনসিটি ইন্টারভ্যাল ট্রেনিং এর একটি সেশনই শরীরে মায়োকাইনস নামে এক ধরনের প্রোটিন উৎপাদন বাড়ায়। এই প্রোটিন ব্যায়ামের সময় পেশি থেকে নিঃসৃত হয়ে ক্যানসার কোষের বৃদ্ধি ২০-৩০ শতাংশ পর্যন্ত ধীর করে দিতে পারে। গবেষক ফ্রান্সেস্কো বেত্তারিগা জানান, একবারের শরীরচর্চাই শরীরকে ক্যানসারের বিরুদ্ধে লড়াই করার মতো প্রস্তুত করে তুলতে পারে। স্তন ও ডিম্বাশয়ের ক্যানসারে আশার আলো : 'ব্রেস্ট ক্যানসার রিসার্চ অ্যান্ড ট্রিটমেন্ট' জার্নালে প্রকাশিত এক গবেষণায় বলা হয়, স্তন ক্যানসার জয়ী নারীদের ঐওওঞ বা রেজিস্ট্যান্স ট্রেনিংয়ে অংশগ্রহণের পর তাদের শরীরে মায়োকাইনসের মাত্রা উল্লেখযোগ্যভাবে বেড়ে যায়। এর ফলে ক্যানসার ফিরে আসার ঝুঁকি কমে যায়। গবেষণায় আরও উঠে এসেছে, এ ধরনের ব্যায়াম

# বর্ধিত সময়ের আগেই জুলাই সনদ বাস্তবায়ন চায় ঐকমত্য কমিশন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ আগামী ১৫ অক্টোবর পর্যন্ত বাড়িয়েছে সরকার। তবে এর আগেই জুলাই সনদ বাস্তবায়নের প্রত্যাশা জানিয়েছে কমিশন। বুধবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে কমিশনের তৃতীয় বৈঠকের শুরুতে সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, "বর্ধিত এক মাস সময়ের আগেই জুলাই সনদ বাস্তবায়ন করতে চাই। এর জন্য এক মাস সময় লাগবে না। বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ হয়েছে, আশা করি দ্রুতই একটি পরিণতি দেখা যাবে।" তিনি জানান, রাজনৈতিক দলগুলোর কাছে কমিশন ইতোমধ্যে সনদের খসড়া পাঠিয়েছে। দলগুলোর পক্ষ থেকে ছয় ধরনের প্রস্তাব এসেছেড়কেউ বলছেন বিশেষ সাংবিধানিক আদেশ বা গণভোটের মাধ্যমে কার্যকর করতে, আবার অনেকে সংসদের ওপর ছেড়ে দেওয়ার পক্ষে। অধ্যাপক আলী রীয়াজ বলেন, "বিশেষজ্ঞ প্যানেলের পক্ষ থেকে আমাদের একটি সুস্পষ্ট সুপারিশ দেওয়া হয়েছে। আপনারা যে প্রস্তাবগুলো দিয়েছেন, আমরা সেগুলো ছয় ভাগে ভাগ করেছি। অনেক বিষয় অধ্যাদেশ ও নির্বাহী আদেশের মাধ্যমেই বাস্তবায়ন সম্ভব।" তিনি আরও বলেন, "সংবিধান সংশ্লিষ্ট বিষয়গুলোতে বিশেষজ্ঞরা গণভোট অথবা বিশেষ সাংবিধানিক আদেশের পরামর্শ দিয়েছেন। সবকিছু বিবেচনায় সরকারকে আমরা একাধিক পথের সুপারিশ করব, যাতে তারা তুলনামূলক সহজভাবে সিদ্ধান্ত নিতে পারেন।" সনদে স্বাক্ষরের জন্য প্রতিটি রাজনৈতিক দলকে দু'জন প্রতিনিধি পাঠাতে বলা হয়েছিল। আলী রীয়াজ জানান,

৩-এর পৃষ্ঠা দেখুন

# জামায়াতের যুগপৎ আন্দোলনের পাল্টায় বিএনপির নির্বাচনী আবহ

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন ও সংখ্যানুপাতিক পদ্ধতিতে (পিআর) নির্বাচনের দাবিতে কয়েকটি দলকে সঙ্গে নিয়ে জামায়াত ইসলামীর যুগপৎ আন্দোলনের বিপরীতে পাল্টা কর্মসূচি নিয়েছে বিএনপি। আন্দোলনের পরিবর্তে সারাদেশে নির্বাচনী আবহ সৃষ্টির সিদ্ধান্ত নিয়েছে দলটি। এ লক্ষ্যে প্রার্থী বাছাই, দলীয় ৩১ দফা কর্মসূচি ও ইতিবাচক কর্মকাণ্ড প্রচার, ভোটারদের মন জয় করতে বাড়ি বাড়ি যাওয়া, নির্বাচনী প্রতিশ্রুতি দেওয়াড় এসবকে সামনে রেখে নেতাদের সক্রিয় হতে নির্দেশনা দেওয়া হয়েছে। সোমবার রাতে গুলশানে চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে বিএনপির জাতীয় স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে লন্ডন থেকে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান

২-এর পৃষ্ঠা দেখুন



# কুষ্টিয়ায় পিস ফ্যাসিলিটেটের গ্রুপের ত্রৈমাসিক সভা

কুষ্টিয়া প্রতিবেদক

কুষ্টিয়া পিস ফ্যাসিলিটেটের গ্রুপ (পিএফজি) এর উদ্যোগে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার(১৭ সেপ্টম্বর) সাহিত্যিক মীর মোশাররফ হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এ ভা অনুষ্ঠিত হয়।। সভাটি পরিচালনা করেন পিস অ্যাম্বাসেডর আব্দুল মান্নান বাদশা এবং সভাপতিত্ব করেন অবসরপ্রাপ্ত অধ্যাপক ও জেলা সুজনের সভাপতি আবু হেনা মোহাম্মদ গোলাম রসুল বাবলু। মাঠ সমন্বয়কারী মো: আশরাফুজ্জামান সভার মূল বক্তব্য উপস্থাপন করেন।সভায় পিএফজি সমন্বয়কারী অধ্যাপক মো. শফিকুল ইসলাম, বিএনপির প্রবীণ সদস্য মো. মিরাজুল ইসলাম রেন্টু, পিস অ্যাম্বাসেডর বনানি বিশ্বাস, ওয়ার্কাস পার্টির এসরারুল হক, জাসাসের মো: মামুনুর রশিদ,

২-এর পৃষ্ঠা দেখুন

# স্বৈরতন্ত্র থেকে রক্ষায় পিআরে নির্বাচন হতেই হবে: চরমোনাই পীর

সূর্যোদয় প্রতিবেদন

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম বলেছেন, মুক্তিযুদ্ধে লাখো মানুষ সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচারের জন্য জীবন দিয়েছিলেন। কিন্তু দেশ বারবার স্বৈরতন্ত্রের কবলে পড়েছে। এ পরিস্থিতি থেকে মুক্তির একমাত্র পথ হলো সংখ্যানুপাতিক ভোটাভুটিভিত্তিক (পিআর) পদ্ধতিতে জাতীয় নির্বাচন আয়োজন। তিনি সতর্ক করে বলেন, "জুলাই গণঅভ্যুত্থানের মাধ্যমে যে সুযোগ এসেছে, তা নষ্ট করা হলে ইতিহাস ক্ষমা করবে না।" মঙ্গলবার রাজধানীর বাসাবো খেলার মাঠে ঢাকা-৯ আসনের নির্বাচনী প্রস্তুতির অংশ হিসেবে আয়োজিত জনসভায় তিনি এসব কথা বলেন। সভায় হাতপাখা প্রতীকের প্রার্থী শাহ ইফতেখার

২-এর পৃষ্ঠা দেখুন



# অধ্যাপক ইউনূসের নেতৃত্বে অর্থনীতির ঘুরে দাঁড়িয়েছে: আইএমএফ প্রধান

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টালিনা জর্জিয়েভা অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বের ভূয়সী প্রশংসা করেছেন। তিনি বলেছেন, দায়িত্ব গ্রহণের পর অল্প সময়ের মধ্যেই বাংলাদেশের অর্থনীতি ঘুরে দাঁড়িয়েছে, আর এই কৃতিত্ব একান্তই অধ্যাপক ইউনূসের। মঙ্গলবার (ওয়াশিংটন সময় সন্ধ্যায়) ভিডিও ফোন কলে অধ্যাপক ইউনূসের সঙ্গে কথা বলেন জর্জিয়েভা। এ সময় তারা বাংলাদেশের চলমান অর্থনৈতিক সংস্কার, আঞ্চলিক পরিস্থিতি এবং আগামী ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনকে ঘিরে চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করেন। আইএমএফ প্রধান স্মরণ করেন সংকটকালীন অর্থনীতির প্রেক্ষাপট। তিনি বলেন, "আপনার অর্জন আমাকে মুগ্ধ করেছে। অল্প

৩-এর পৃষ্ঠা দেখুন



# দল নিষিদ্ধ করলে নির্বাচন কাদের নিয়ে হবে, সালাহউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক দল নিষিদ্ধ করলে নির্বাচন কাদের নিয়ে অনুষ্ঠিত হবেড় এমন প্রশ্ন তুলেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। মঙ্গলবার (১৭ সেপ্টেম্বর) রাজধানীর গুলশানে নিজ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, "স্বৈরাচার ও

৩-এর পৃষ্ঠা দেখুন

# জামায়াতকে নিয়ে বিস্ফোরক মন্তব্য রুমিন ফারহানার

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক রুমিন ফারহানা সম্প্রতি এক টক শোতে জামায়াতে ইসলামীকে নিয়ে বিস্ফোরক মন্তব্য করেছেন। তিনি বলেছেন, "জামায়াত যদি কাউকে শত্রু হিসেবে চিহ্নিত করে, তাকে যে ভাবে আক্রমণ করবে, তা বাংলাদেশের অন্য কোনো রাজনৈতিক দল করতে পারবে না।" রুমিন ফারহানা বলেন, জামায়াত একটি অত্যন্ত সংগঠিত রাজনৈতিক দল। তাদের কর্মী, সমর্থক ও ভোটাররা পার্টির জন্য জীবন দিতে প্রস্তুত। তিনি আরও বলেন, "তারা

৩-এর পৃষ্ঠা দেখুন



# কিছু মহল এখনো নির্বাচন পিছিয়ে দেওয়ার চেষ্টা করছে: প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, ফেব্রুয়ারির শুরুর দিকে নির্ধারিত সময়েই জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। রমজানের আগেই ভোট আয়োজনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে তিনি অভিযোগ করেছেন, "কিছু মহল এখনো নির্বাচন পিছিয়ে দেওয়ার চেষ্টা করছে।" তবে অন্তর্বর্তী সরকার এ ধরনের প্রয়াস ব্যর্থ করে দিতে অটল রয়েছে

৩-এর পৃষ্ঠা দেখুন

# গাজায় জাতিসংঘের প্রতিবেদন: গণহত্যার ষোলকলা পূর্ণ

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় ফিলিস্তিনিদের ওপর ইসরায়েল গণহত্যা চালিয়েছে বলে জাতিসংঘের শীর্ষ তদন্ত কমিশন নিশ্চিত করেছে। গতকাল মঙ্গলবার প্রকাশিত এক প্রতিবেদনে কমিশন জানায়, ২০২৩ সালে হামাসের সঙ্গে যুদ্ধ শুরুর পর থেকে আন্তর্জাতিক আইনে সংজ্ঞায়িত গণহত্যার পাঁচ ধরনের কর্মকাণ্ডের চারটি গাজায় সংঘটিত হয়েছে। এর মধ্যে রয়েছেড়একটি জনগোষ্ঠীর সদস্যদের হত্যা, গুরুতর শারীরিক ও

৩-এর পৃষ্ঠা দেখুন

# সেপ্টেম্বরে রাশিয়া থেকে আরও বেশি তেল কিনেছে ভারত

সূর্যোদয় প্রতিবেদন

সেপ্টেম্বরে রাশিয়া থেকে আগের দুই মাসের তুলনায় আরও বেশি অপরিশোধিত তেল আমদানি করেছে ভারত। যুক্তরাষ্ট্রের আরোপ করা অতিরিক্ত শুল্ক সত্ত্বেও দিল্লি রুশ তেলের ওপর

৩-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

## প্রযুক্তি

# কৃষকের আড্ডায় প্রযুক্তির হাতছানি

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের কৃষকরা দীর্ঘদিন ধরেই সীমিত উৎস থেকে তথ্য নিয়ে কাজ করে এসেছেন। ক্ষেতের রোগবালাই বা ফসলের সমস্যার সমাধান পেতে দোকানদারের দেওয়া পরামর্শই ছিল ভরসা। অনেক সময় সঠিক ওষুধ না পাওয়ায় কিংবা দেরিতে ব্যবস্থা নেওয়ায় ফসল নষ্ট হয়ে গেছে, লোকসানের মুখে পড়েছেন কৃষকেরা। অথচ তাদের হাতে পর্যাপ্ত তথ্য ও অভিজ্ঞতার ভাণ্ডার থাকলে অনেক ক্ষতি এড়ানো যেত। প্রযুক্তির অগ্রগতি সেই শূন্যস্থান পূরণ করতে শুরু করেছে। কৃষিভিত্তিক স্টার্টআপ আইফার্মার উদ্ভাবিত 'ফলন' মোবাইল অ্যাপ কৃষকের জন্য যেন এক নতুন দরজা খুলে দিয়েছে। ২০২৪ সালের নভেম্বরে চালু হওয়া এ অ্যাপ এখন দেশের প্রত্যন্ত অঞ্চলের কৃষকদের হাতের মুঠোয় নিয়ে এসেছে কৃষি-সংক্রান্ত নানা সমাধান। সবচেয়ে অভিনব দিক হলোড়এর 'আড্ডা' ফিচার। অনেকটা সামাজিক যোগাযোগমাধ্যমের মতো এই প্ল্যাটফর্মে কৃষকেরা নিজের সমস্যার কথা বলেন, ছবি পোস্ট করেন, পরামর্শ দেন বা নেন, এমনকি নিজেদের সাফল্যের গল্পও ভাগ করে নেন। গোপালগঞ্জের কামাল হোসেন এর একটি দৃষ্টান্ত।



ধানক্ষেতে পোকা দেখা দিলে তিনি অ্যাপের আড্ডায় প্রশ্ন রাখেন। মুহূর্তের মধ্যে দেশের বিভি-ন্ন প্রান্ত থেকে কৃষকেরা ছত্রাকনাশক ও প্রতিকার নিয়ে পরামর্শ দেন। এতে শুধু কামালই নয়, একই সমস্যায় থাকা অন্যরাও উপকৃত হন। নারী কৃষক

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## যে ব্যায়ামে কমবে ক্যানসারের ঝুঁকি

(শেষ পৃষ্ঠার পর)

ডিম্বাশয়ের ক্যানসারের ক্ষেত্রেও কার্যকর হতে পারে। কোলন ক্যানসার রোগীদের ক্ষেত্রেও প্রমাণিত: শুধু স্তন বা ডিম্বাশয়ের ক্যানসার নয়, কোলন ক্যানসারের ক্ষেত্রেও ব্যায়াম উপকারী। গত মাসে শিকাগোতে আয়োজিত বিশ্ব ক্যানসার সম্মেলনে প্রকাশিত এক গবেষণাপত্রে বলা হয়, স্টেজ ২ ও স্টেজ ৩ কোলন ক্যানসারের রোগীদের মধ্যে যারা নিয়মিত ব্যায়াম করেছেন, তাদের ক্ষেত্রে ক্যানসার ফেরার ঝুঁকি অনেক কমে গেছে। কলকাতার ক্যানসার বিশেষজ্ঞ ডা. সন্দীপ গঙ্গোপাধ্যায় বলেন, "নিয়মিত ব্যায়াম কেবল কোলন নয়, আরও অনেক ধরনের ক্যানসারের ঝুঁকি হ্রাস করে। তাই ক্যানসার রোগীদের চিকিৎসার পাশাপাশি শরীরচর্চাকে গুরুত্ব দিতে হবে।" শরীরচর্চা এখন শুধু ফিটনেস নয়, ক্যানসার প্রতিরোধেরও এক কার্যকরী উপায়। নিয়মিত ব্যায়াম করলে ক্যানসারের ঝুঁকি যেমন কমে, তেমনি ক্যানসার জয়ীরাও ফিরে আসা ঝুঁকি এড়াতে পারেন। তাই সুস্থ জীবনের জন্য প্রতিদিন কিছুটা সময় ব্যায়ামে বিনিয়োগ করা প্রয়োজন।

## দেশে অচলাবস্থার সৃষ্টি করতে পিআর

(শেষ পৃষ্ঠার পর)

অবস্থা প্রসঙ্গে তিনি বলেন, 'এ অঞ্চলের মানুষ বরাবরই ধানের শীষের পক্ষে অবস্থান নিয়েছে। আগামীতেও এ দু'টি আসনে ধানের শীষের প্রার্থীরা জিতবে বলে আমি বিশ্বাস করি।' স্থানীয় উন্নয়ন প্রসঙ্গে বিএনপির এই জেষ্ঠ্য নেতা বলেন, 'চুয়াডাঙ্গা অঞ্চল কৃষি প্রধান এলাকা। আগামীতে এ অঞ্চলে কৃষি নির্ভর প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা হলে সেটি অবশ্যই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হবে। আগামী দিনে বিএনপি রাষ্ট্রক্ষমতায় এলে এমপি যেই হোক এ জেলার সার্বিক উন্নয়নে উদ্যোগ নেয়া হবে।' এদিকে, শামসুজ্জামান দুদু বুধবার বিকালে চুয়াডাঙ্গার ভালাইপুর মোড়, আসমানখালী বাজারসহ বেশ কয়েকটি স্থানে পথসভা করেছেন। এসব পথসভায় দুদু ধানের শীষের পক্ষে ভোট প্রার্থনা করেন। এতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি অ্যাড. ওয়াহেদুজ্জামান বুলা ও শহিদুল ইসলাম রতন।

## বর্ধিত সময়ের আগেই জুলাই সনদ

(শেষ পৃষ্ঠার পর)

বেশিরভাগ দলই নাম জমা দিয়েছে। বৈঠকে বিএনপি, জামায়াতে ইসলামী, এনসিপি, গণঅধিকার পরিষদ, গণসংহতি আন্দোলন, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি-সিপিবিসহ ৩০টি রাজনৈতিক দলের প্রতিনিধি অংশ নেন। প্রধান উপদেষ্টা ও কমিশনের সভাপতি আগামী ২১ সেপ্টেম্বর জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে যাচ্ছেন। তার আগে সনদ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে অবহিত করা হবে বলেও জানান কমিশনের সহসভাপতি। বৈঠকে সভাপতিত্ব করেন কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। সঞ্চালনা করেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য কমিশন) মনির হায়দার। কমিশনের সদস্য হিসেবে উপস্থিত ছিলেন বিচারপতি মো. এমদাদুল হক, ড. ইফতেখারুজ্জামান ও ড. বদিউল আলম মজুমদার।

## অধ্যাপক ইউনূসের নেতৃত্বে

(শেষ পৃষ্ঠার পর)

সময়ে আপনি অনেক কিছু করেছেন। যখন অবনতির ঝুঁকি অত্যন্ত বেশি ছিল, তখন আপনি দেশের দায়িত্ব নিয়েছেন। আপনি সঠিক সময়ে সঠিক ব্যক্তি।" বিশেষ করে বৈদেশিক মুদ্রা বাজারের স্থিতিশীলতা এবং রিজার্ভ পুনরুদ্ধারে সরকারের সাহসী পদক্ষেপড়বাজারভিত্তিক বিনিময় হার প্রবর্তনের প্রশংসা করেন জর্জিয়েভা। প্রতিক্রিয়ায় অধ্যাপক ইউনূস আইএমএফ প্রধানের অবিচল সহায়তার জন্য কৃতজ্ঞতা জানান। তিনি স্মরণ করিয়ে দেন, গত বছর নিউ ইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে তাদের প্রথম সাক্ষাৎ বাংলাদেশের অর্থনীতি পুনরুদ্ধারের পথ সুগম করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। অধ্যাপক ইউনূস বলেন, অন্তর্বর্তীকালীন সরকার সময়মতো ও বিশ্বাসযোগ্য নির্বাচন আয়োজনের অঙ্গীকার করেছে। আগামী ফেব্রুয়ারিতে পবিত্র রমজানের আগে নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের পর তিনি তার পূর্বের কাজে ফিরে যাবেন বলেও জানান। আলোচনায় আইএমএফ প্রধান রাজস্ব আয় বৃদ্ধি ও ব্যাংকিং খাতের গভীর সংস্কারের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, "শক্ত অবস্থানে থাকতে হলে সংস্কার অনিবার্য। এটি বাংলাদেশের ইতিহাসের এক অমূল্য মুহূর্ত।" ইউনূস জানান, তার সরকার ইতোমধ্যেই ব্যাংকিং খাত পুনর্গঠন এবং রাজস্ব সংগ্রহ জোরদারে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। তিনি বলেন, "আমরা এক বিধ্বস্ত ও সম্পূর্ণ ভেঙে পড়া অর্থনীতি উত্তরাধিকার সূত্রে পেয়েছি। কিছু ব্যক্তি আক্ষরিক অর্থে ব্যাগভর্তি টাকা ব্যাংক থেকে নিয়ে পালিয়ে গেছে।" কথোপকথনে আঞ্চলিক বিষয়ও উঠে আসে। এর মধ্যে ছিল নেপালের যুব আন্দোলন এবং আসিয়ানভুক্তির জন্য বাংলাদেশের আকাঙ্ক্ষা। ইউনূস আঞ্চলিক কানেক্টিভিটি জোরদারের লক্ষ্যে ঢাকার বৃহৎ অবকাঠামো উদ্যোগড়যেমন নতুন বন্দর ও টার্মিনাল প্রকল্পড় সম্পর্কেও অবহিত করেন। আলোচনাকালে অর্থ উপদেষ্টা ড. সালেহ উদ্দিন আহমেদ ও অর্থ সচিব খায়রুজ্জামান মজুমদার উপস্থিত ছিলেন।

## প্রধান উপদেষ্টা

(শেষ পৃষ্ঠার পর)

বলেও তিনি স্পষ্ট করেন। বুধবার রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ইউরোপীয় পার্লামেন্ট সদস্যদের (এমইপি) একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা জানান প্রধান উপদেষ্টা। মুনির সাতৌরির নেতৃত্বে প্রতিনিধিদল বৈঠকে অংশ নেয়। ড. ইউনূস বলেন, "আমরা ইতিমধ্যে নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছি। রমজানের আগেই ফেব্রুয়ারির শুরুতে ভোট হবে। এবার তরুণদের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলোতে দীর্ঘ বিরতির পর ছাত্র সংসদ নির্বাচন শুরুর ফলে তাদের আগ্রহ আরও বেড়েছে।" তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, "তরুণ ভোটাররা এবার রেকর্ডসংখ্যায় ভোটকেন্দ্রে যাবেন। দীর্ঘ ১৫ বছর পর অনেকে প্রথমবারের মতো ভোট দেবেন। এই নির্বাচন বাংলাদেশের ইতিহাসে নতুন অধ্যায় রচনা করবে, জাতির নতুন যাত্রা শুরু হবে।" এক ঘণ্টাব্যাপী বৈঠকে অন্তর্বর্তী সরকারের সংস্কার কার্যক্রম, উন্নয়ন উদ্যোগ, গণতান্ত্রিক রূপান্তর প্রক্রিয়ায় ইইউর সহায়তা এবং রোহিঙ্গা সংকট নিয়ে আলোচনা হয়। প্রতিনিধিদলের সদস্যরা বাংলাদেশের আগামীর জাতীয় নির্বাচনকে 'গুরুত্বপূর্ণ মুহূর্ত' হিসেবে উল্লেখ করেন। তারা গত ১৪ মাসে সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন। এক ডাচ এমইপি মন্তব্য করেন, "বাংলাদেশ হয়তো এমন কয়েকটি দেশের একটি, যেখানে ঘটনাপ্রবাহ সঠিক পথে এগোচ্ছে।" বৈঠকে প্রধান উপদেষ্টা ইইউর অবিচল সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং রোহিঙ্গা শরণার্থীদের জন্য বাড়তি অর্থায়নের আহ্বান জানান। বিশেষত ক্যাম্পের স্কুলগুলো তহবিল সংকটে বন্ধ হয়ে যাওয়ার প্রসঙ্গ তুলে ধরে এগুলো পুনরায় চালু করতে সহায়তার অনুরোধ জানান তিনি। এ সময় ড. ইউনূসের বিশেষ দূত লতিফ সিদ্দিকী শ্রম খাতের সংস্কার উদ্যোগ তুলে ধরে বলেন, এসব পদক্ষেপ বাংলাদেশ-ইইউ সম্পর্ককে আরও মজবুত করবে।

## দল নিষিদ্ধ করলে নির্বাচন কাদের

(শেষ পৃষ্ঠার পর)

ফ্যাসিবাদের দোসর হিসেবে যদি নিষিদ্ধ চাইতেই হয়, তাহলে ২৮টি দলের রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধ করার দাবি উঠতে পারে। সেক্ষেত্রে নির্বাচন কাদের নিয়ে হবে? যদি আবার তারাই বলে, আমরাও নির্বাচনে অংশ নেব না, তবে দেশের নির্বাচন প্রক্রিয়ার কী হবে?" আওয়ামী লীগের প্রসঙ্গ আলাদা উল্লেখ করে সালাহউদ্দিন বলেন, "তারা গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের জন্য দায়ী। রাষ্ট্রের গণতান্ত্রিক ব্যবস্থা ধ্বংস করেছে। সেই ফ্যাসিস্ট সরকারের প্রধানমন্ত্রী, মন্ত্রী, এমপি ও দোসরদের বিরুদ্ধে গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগ উঠেছে। তিনি সতর্ক করে বলেন, দেশে যদি রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠিত না হয় এবং গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকার না আসে, তবে সাংবিধানিক শূন্যতা তৈরি হতে পারে। এতে জাতীয় ঐক্য ভঙ্গ হবে, যার সুযোগ নেবে পতিত ফ্যাসিবাদ। এ পরিস্থিতিতে আঞ্চলিক এমনকি বৈশ্বিক শক্তিও জড়িয়ে পড়তে পারে। "যদি নির্দিষ্ট সময়ে জাতীয় নির্বাচন না হয় এবং স্থিতিশীল সরকার প্রতিষ্ঠিত না হয়, তাহলে জাতীয় নিরাপত্তার পাশাপাশি আঞ্চলিক নিরাপত্তাও হুমকির মুখে পড়তে পারে," মন্তব্য করেন তিনি। বিএনপির এই স্থায়ী কমিটির সদস্য বলেন, ইতোমধ্যে আদালতে মামলা হয়েছে এবং আরও হতে পারে। বিচার প্রক্রিয়া চলছে। আওয়ামী লীগের বিচার রাজনৈতিক দল হিসেবে দাবি করে আসছে বিএনপি। "গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের দায়ে রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগকে বিচারের আওতায় আনা হোক আমরা তা বহু আগে থেকে দাবি করে আসছি। তারা রাজনীতি করতে পারবে কি না এবং নির্বাচনে অংশ নিতে পারবে কি না, সেটা আদালত নির্ধারণ করবে। একইভাবে অন্য কারও বিরুদ্ধে অভিযোগ থাকলে সেটিও আদালতে উত্থাপন করা যেতে পারে। আইন এখন সংশোধিত হয়েছে, তাই এই প্রক্রিয়ায় তা সম্ভব," যোগ করেন তিনি।

## কৃষকের আড্ডায় প্রযুক্তির হাতছানি

(শেষ পৃষ্ঠার পর)

রিনা খাতুন আগে দোকানদারের পরামর্শে চলতেন। ফলন অ্যাপ ব্যবহারের পর তিনি এখন ভিডিও দেখে রোগবালাই মোকাবিলা করছেন, নতুন কৃষি পদ্ধতি শিখছেন। তাঁর মতে, ভিডিও কনটেন্ট আরও বাড়ানো গেলে কৃষকেরা আরও বেশি উপকৃত হবেন। অন্যদিকে বগুড়ার রাইজুল ইসলাম অতীতে ভুল ওষুধ প্রয়োগ করে ফসল হারিয়েছিলেন। এবার আবার একই রোগ দেখা দিলে তিনি অ্যাপের অডিও নির্দেশনা অনুসরণ করে সঠিক ব্যবস্থা নেন এবং ফসল রক্ষা করতে সক্ষম হন। ফলন অ্যাপে কৃষকেরা জানতে পারেন কোন ফসলের কোন রোগ হতে পারে, তার প্রতিকার কী, কোন সার কখন প্রয়োগ করতে হবে। শুধু টেক্সট নয় ছবি, ভিডিও ও অডিও নির্দেশিকা থাকায় নিরক্ষর কৃষকেরাও উপকৃত হচ্ছেন। এর পাশাপাশি সরাসরি কৃষিবিদের সঙ্গে কথা বলার সুযোগ, আবহাওয়ার আপডেট, গবাদিপশু ও পোলট্রি পালন, এমনকি আর্থিক সহায়তার আবেদন করার সুবিধাও রয়েছে। অতীতে কৃষকের সিদ্ধান্ত নির্ভর করত সীমিত উৎসের পরামর্শের ওপর। এখন তারা নিজেরাই প্রশ্ন করছেন, পরামর্শ দিচ্ছেন-নিচ্ছেন, অভিজ্ঞতা ভাগ করছেন। এভাবে কৃষকেরা হয়ে উঠছেন শিক্ষক, সহকর্মী ও পরামর্শদাতা সব ভূমিকাতেই। কৃষিকে কেন্দ্র করে এভাবে একটি ডিজিটাল কৃষি-সমাজ গড়ে উঠছে, যা শুধু তথ্য বিনিময়ের মাধ্যম নয়; বরং কৃষকের আত্মবিশ্বাস, পারস্পরিক সহযোগিতা এবং আধুনিক কৃষি ব্যবস্থার সঙ্গে তাল মেলানোর সুযোগও তৈরি করছে। প্রযুক্তির এই হাতছানি নিঃসন্দেহে গ্রামীণ অর্থনীতিকে করছে আরও শক্তিশালী, টেকসই এবং সম্ভাবনাময়।

## জামায়াতকে নিয়ে বিস্ফোরক মন্তব্য

(শেষ পৃষ্ঠার পর)

পার্টির কমান্ড মেনে চলে। অনেকটা আমাদের সেনাবাহিনীর মতো প্রশিক্ষিত। সম্প্রতি জামায়াতের আমিরও বলেছেন, তাদের দল এবং সেনাবাহিনী খুবই সুসংগঠিত।" বর্তমান রাজনীতিতে সামাজিক যোগাযোগ মাধ্যমের গুরুত্ব তুলে ধরে রুমিন ফারহানা বলেন, "ডিজিটাল মাঠ এখন বেশি গুরুত্বপূর্ণ। এক জনসভায় ৫০-১ লাখ মানুষ উপস্থিত থাকতে পারে, কিন্তু ডিজিটাল কনটেন্ট মুহূর্তেই লাখ থেকে কোটি মানুষের কাছে পৌঁছাতে পারে। এই ক্ষেত্রে জামায়াত তাদের প্রতিপক্ষকে আক্রমণ করতে অসংখ্য বট আইডি ব্যবহার করে, যা যেকোনো বিষয়ে কুৎসিত মন্তব্য করার সুযোগ দেয়।" তিনি আরও উল্লেখ করেন, জামায়াতের রাজনৈতিক শিষ্টাচার নেই এবং তারা যেকোনো হুমকিকে মুহূর্তে মোকাবিলা করতে প্রস্তুত। রুমিন ফারহানা বলেন, "আমি তাদের দুর্দিনে সহায়তা করেছি, কিন্তু তারা সেটা মনে রাখেনি। বর্তমানে তারা যখন কোন বক্তব্যকে হুমকি হিসেবে মনে করে, সঙ্গে সঙ্গে সেই ব্যক্তিকে এলিমিনেট করার চিন্তাও করতে পারে।" রুমিনের এই মন্তব্য বাংলাদেশ রাজনীতিতে জামায়াতের ভূমিকা ও প্রভাব নিয়ে নতুন বিতর্কের সূত্রপাত করতে পারে।

## গাজায় জাতিসংঘের প্রতিবেদন

(শেষ পৃষ্ঠার পর)

মানসিক ক্ষতি, তাদের ধ্বংসের উদ্দেশ্যে পরিকল্পিত পরিস্থিতি সৃষ্টি এবং বংশবৃদ্ধি ঠেকানো। এটি প্রথমবারের মতো জাতিসংঘের পক্ষ থেকে ইসরায়েলকে সরাসরি গণহত্যার জন্য অভিযুক্ত করা হলো। তদন্ত কমিশনের ৭২ পৃষ্ঠার প্রতিবেদনে বলা হয়, ইসরায়েলের কর্তৃপক্ষ ও সেনারা ১৯৪৮ সালের জেনোসাইড কনভেনশনের অধীনে গণহত্যার চার ধরনের কর্মকাণ্ড চালিয়েছে এবং তা এখনো অব্যাহত রয়েছে। জাতিসংঘ কমিশন ইসরায়েলের নেতাদের বিবৃতিকে গণহত্যার উদ্দেশ্যের প্রমাণ হিসেবে উল্লেখ করেছে। ইসরায়েলের প্রেসিডেন্ট আইজ্যাক হার্জোগ, প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্ট প্রকাশ্যে গণহত্যামূলক উসকানি দিয়েছেন বলেও প্রতিবেদনে উল্লেখ আছে। তদন্ত কমিশনের চেয়ারম্যান নাভি পিল্লাই এর আগে জাতিসংঘ মানবাধিকারপ্রধান ছিলেন এবং রুয়ান্ডার গণহত্যা-সংক্রান্ত আন্তর্জাতিক ট্রাইব্যুনালের সভাপতিত্ব করেছেন। জাতিসংঘের প্রতিবেদন অনুযায়ী ইসরায়েল যে চারটি কর্মকাণ্ডে জড়িত হয়েছে তা হলো হাসপাতাল ও শরণার্থী শিবিরে হামলা চালিয়ে ব্যাপক বেসামরিক হত্যা। নাগরিকদের শারীরিক ও মানসিক ক্ষতি, জোরপূর্বক স্থানচ্যুতি ও পরিবেশ ধ্বংস। অবকাঠামো ধ্বংস, খাদ্য-জ্বালানি ও চিকিৎসা সরবরাহ বন্ধ করে অনাহার ও মৃত্যুর পরিস্থিতি সৃষ্টি। গাজার বৃহত্তম ফার্টিলিটি ক্লিনিকে হামলা চালিয়ে প্রজনন ঠেকানোর চেষ্টা, যেখানে হাজারো ভ্রূণ ও শুক্রাণুর নমুনা ধ্বংস হয়েছে। জাতিসংঘ জানায়, এসব কর্মকাণ্ড আন্তর্জাতিক আইনে গণহত্যার পূর্ণ সংজ্ঞা মেনে চলে। তবে ইসরায়েলের পররাষ্ট্র মন্ত্রণালয় জাতিসংঘের এই প্রতিবেদনকে 'মিথ্যা ও বিভ্রান্তিকর' দাবি করে প্রত্যাখ্যান করেছে। এদিকে ইসরায়েল গতকাল মঙ্গলবার ভোরে গাজা সিটিতে স্থল অভিযান শুরু করেছে। ট্যাঙ্কের বহর ও বিমান হামলার দৃশ্য গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। শহরটির দখল নিতে গত মাসে ইসরায়েলের মন্ত্রিসভা অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী এই অভিযান চালানো হচ্ছে। জার্মানির পররাষ্ট্রমন্ত্রী একে 'ভুল সিদ্ধান্ত' আখ্যা দিয়েছেন। জাতিসংঘ সতর্ক করেছে, এ অভিযানে গাজার অন্তত ১০ লাখ মানুষ বাস্তুচ্যুত হওয়ার ঝুঁকিতে পড়বে। গাজার স্বাস্থ্য কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় আরও ৭৮ জন নিহত হয়েছেন। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে এখন পর্যন্ত নিহতের সংখ্যা দাঁড়িয়েছে ৬৪ হাজার ৯৬৪ জনে। আহত হয়েছেন এক লাখ ৭৩ হাজারের বেশি মানুষ। খাদ্য সংকট ও অবরোধের কারণে এখন পর্যন্ত অনাহার ও অপুষ্টিতে মারা গেছেন ৪২৮ জন, যাদের মধ্যে ১৪৬ শিশু। ত্রাণ নিতে গিয়ে ইসরায়েলি সেনাদের গুলিতে নিহত হয়েছেন আরও ২ হাজার ৪৯৭ জন। গাজার ৯০ শতাংশের বেশি বাড়িঘর ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হয়েছে। স্বাস্থ্যসেবা ও পানি-নিষ্কাশন ব্যবস্থা ভেঙে পড়েছে। জাতিসংঘ সমর্থিত বিশেষজ্ঞরা গাজা সিটিতে দুর্ভিক্ষ ঘোষণা করেছেন। জাতিসংঘের এ প্রতিবেদন প্রকাশের পর আরব দেশগুলোর সঙ্গে ইসরায়েলের স্বাভাবিকীকরণ প্রক্রিয়া আরও জটিল হয়ে উঠবে বলে ধারণা করা হচ্ছে। আগামী সপ্তাহে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রের স্বীকৃতির দাবিও আরও জোরালো হবে।

## সেপ্টেম্বরে রাশিয়া থেকে আরও বেশি

(শেষ পৃষ্ঠার পর)

নির্ভরশীলতা কমায়নি বরং বাড়িয়েছে। খবর হিন্দুস্তান টাইমস ও ইন্ডিয়ান এক্সপ্রেস-এর। প্রাথমিক ট্যাংকার ট্র্যাকিং ডেটা অনুযায়ী, ১ থেকে ১৬ সেপ্টেম্বরের মধ্যে ভারত প্রতিদিন গড়ে ১.৭৩ মিলিয়ন ব্যারেল রুশ তেল আমদানি করেছে। জুলাই ও আগস্টে এ সংখ্যা ছিল যথাক্রমে ১.৫৯ এবং ১.৬৬ মিলিয়ন ব্যারেল। অর্থাৎ যুক্তরাষ্ট্রের শুল্ক আরোপের তাৎক্ষণিক কোনো প্রভাব ভারতের তেল ক্রয়ে পড়েনি। বিশেষজ্ঞরা বলছেন, ট্যারিফের প্রকৃত প্রভাব বোঝা যাবে সেপ্টেম্বর ও অক্টোবরের পূর্ণাঙ্গ তথ্য হাতে আসার পর। তেল সরবরাহ চুক্তি সাধারণত ৬-৮ সপ্তাহ আগে সম্পন্ন হয়। ফলে সেপ্টেম্বরে পাওয়া চালানগুলো আসলে জুলাইয়ে বুক করা। রাশিয়ার বন্দরগুলো থেকে সেপ্টেম্বরে প্রতিদিন গড়ে ১২.২ লাখ ব্যারেল তেল ভারতে পাঠানোর প্রস্তুতি নেওয়া হলেও প্রকৃত সরবরাহ ১৬ লাখ ব্যারেল পর্যন্ত পৌঁছাতে পারে, কারণ অনেক ট্যাংকার মিশরের পোর্ট সাইদ হয়ে ভারতে আসছে। ভারত সরকার শুরু থেকেই যুক্তরাষ্ট্রের অতিরিক্ত শুল্ক আরোপকে "অযৌক্তিক" ও "অবাস্তব" বলে বর্ণনা করেছে। পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, ২০২২ সালে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পর বিশ্ববাজার স্থিতিশীল রাখতে যুক্তরাষ্ট্রই ভারতকে রাশিয়া থেকে তেল কিনতে উৎসাহ দিয়েছিল। বর্তমানে ভারতের অপরিশোধিত তেলের চাহিদার প্রায় ৮৮ শতাংশ আমদানি করতে হয়। সাশ্রয়ী মূল্যে রুশ তেল কেনার ফলে গত তিন বছরে দেশটি কয়েক বিলিয়ন ডলার বৈদেশিক মুদ্রা সাশ্রয় করেছে। ২০২২ সালে ভারতের মোট তেল আমদানিতে রাশিয়ার অংশ ছিল মাত্র ২ শতাংশ। বর্তমানে রাশিয়া ভারতের সবচেয়ে বড় তেল সরবরাহকারী হয়ে উঠেছে, যা এখন মোট আমদানির এক-তৃতীয়াংশেরও বেশি। এদিকে শুল্ক ইস্যুতে দুই দেশের সম্পর্কে টানাপোড়েন তৈরি হলেও কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রয়েছে। মঙ্গলবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে জন্মদিনের আগাম শুভেচ্ছা জানিয়েছেন। মোদীও তাকে ধন্যবাদ জানিয়ে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও দৃঢ় করার অঙ্গীকার করেন এবং ইউক্রেন যুদ্ধের শান্তিপূর্ণ সমাধানে যুক্তরাষ্ট্রের প্রচেষ্টার প্রতি সমর্থন জানান।

# শত বাধার মুখেও যেভাবে সফল হলেন প্রিয়াঙ্কা

বিনোদন ডেস্ক

শত বাঁধার মুখেও যেভাবে সফল হয়ে বলিউডে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন প্রিয়াঙ্কা চোপড়া সেই গল্প প্রেরণার। তার যাত্রা ও উত্থানের পথ ছিল অনেক চড়াই উৎরাইয়ের। তবু থেমে থাকেননি তিনি। এগিয়ে গেছেন নিজের লক্ষের দিকে। বলিউডে যাত্রার শুরুর দিককার অভিজ্ঞতা নিয়ে খোলাখুলি কথা বললেন গ্লোবাল তারকা প্রিয়াঙ্কা চোপড়া।

এক অনুষ্ঠানে তিনি জানান, সিনেমা শিল্পে নতুনদের জন্য জায়গা পাওয়া একসময় ছিল ভীষণ কঠিন। আর এই অভিজ্ঞতাই তাকে নিজের প্রযোজনা প্রতিষ্ঠান গড়ে তুলতে অনুপ্রাণিত করে।

২০০০ সালে সুন্দরী প্রতিযোগিতায় জিতে বিনোদন জগতে প্রবেশ করেন প্রিয়াঙ্কা। ২০০২ সালে হিন্দি ও তামিল সিনেমায় অভিনয় শুরু করলেও বলিউডে টিকে থাকা সহজ ছিল না। তার ভাষায়, ?'বলিউড একসময় বাইরের লোকদের জন্য একেবারেই বন্ধ ছিল। প্রজন্মের পর প্রজন্ম ধরে অভিনেতা, পরিচালক, প্রযোজকেরা কাজ করে আসছিলেন। কোনো সম্পর্ক বা পরিচয় না থাকলে সুযোগ পাওয়া দুঃসাধ্য ছিল। তবু আমি হাল ছাড়িনি। আমি উচ্চাকাঙ্ক্ষী ছিলাম, ব্যর্থতা মেনে নিতে চাইনি, তাই লেগে থেকেছি।'

এই সংগ্রামের অভিজ্ঞতা থেকেই ২০১৫ সালে প্রতিষ্ঠা করেন পার্পল পেবল পিকচার্স। প্রিয়াঙ্কা বলেন, 'আমি যে জায়গা পাইনি, সেই জায়গা অন্যদের দেওয়ার জন্যই এই প্রতিষ্ঠান গড়েছিলাম। অনেক মেধাবী নির্মাতা ও লেখক আছেন যারা সুযোগ পান না। তাদের পাশে দাঁড়াতে চেয়েছি।'

এই প্রতিষ্ঠান থেকে প্রথম সিনেমা ছিল ভোজপুরি ভাষার 'বাম বাম বল রহা হ্যায় কাশি' (২০১৬)। এরপর 'ভেন্টিলেটর' (মারাঠি) জাতীয় চলচ্চিত্র পুরস্কার জেতে।




ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর



ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম




হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
- RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
- স্বাস্থ্যসম্মত বোতল
- দ্রুত সরবরাহ
- আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
- গ্যারান্টি সহকারে
- অনন্য ডিজাইন
- সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভৃরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি .
২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**আমাদের সেবাসমূহ**
- প্রাইভেট ও সাধারণ রোগী সেবা .
- প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
- সার্জারি ও সাধারণ চিকিৎসা
- উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।



আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্ধি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
- এক্সক্লুসিভ বুটিক পোশাক
- হাতে তৈরি দেশি জামাকাপড়
- দেশি-বিদেশী কসমেটিকস
- কুকারিজ আইটেম
- ইউনিক গিফট আইটেম
- কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে



কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি–বৃহস্পতিবার, বিকেল ৪টা–সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা–দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা–১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০–বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা–দুপুর ২টা, বিকেল ৪টা–রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা–দুপুর ১টা
সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা–বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা–বিকেল ৫টা

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত,
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতাজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ১৮ সেপ্টেম্বর ২০২৫ ইং

## আদালত প্রাঙ্গণে প্রকাশ্যে অপহরণ আইনের শাসনের প্রতি ভয়াবহ চ্যালেঞ্জ

মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে প্রকাশ্যে ঘটে যাওয়া সাম্প্রতিক অপহরণের ঘটনাটি শুধু চাঞ্চল্যকর নয়, বরং আইনশৃঙ্খলা রক্ষার জন্য গুরুতর হুমকি। প্রতারণার মামলায় জামিন পাওয়ার পর আদালত চত্বর থেকে বের হওয়া এক ব্যক্তিকে শত শত মানুষের উপস্থিতিতে একদল লোক মারধর করে জোরপূর্বক মাইক্রোবাসে তুলে নেয়। পরে পুলিশ দ্রুত অভিযান চালিয়ে ভুক্তভোগীকে উদ্ধার ও জড়িতদের গ্রেফতার করতে সক্ষম হয়। ঘটনাটির ভয়াবহ দিক হলো এটি ঘটেছে এমন এক স্থানে, যা বিচার ও প্রশাসনিক কাঠামোর নিরাপত্তার প্রতীক। আদালত বা জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ কোনো সাধারণ স্থান নয়; এখানে সাধারণ মানুষ ন্যায়বিচারের আশায় আসে। সেখানে যদি খোলাখুলি অপহরণ ঘটে, তবে নাগরিকের মনে স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগবে তাহলে আর নিরাপত্তা কোথায়? অভিযোগ উঠেছে, এই অপহরণের পেছনে আর্থিক লেনদেন ও বিদেশে পাঠানোর প্রতিশ্রুতি ঘিরে দীর্ঘদিনের বিরোধ কাজ করেছে। প্রতারণার মামলার বাদী পক্ষের লোকজনই অপহরণে জড়িত বলে ধারণা করা হচ্ছে। মামলার আইনি প্রক্রিয়া চলাকালে বাদী পক্ষ যদি আদালতের রায়কে অগ্রাহ্য করে নিজ হাতে প্রতিশোধ নিতে চায়, তবে সেটি ব্যক্তির জন্য নয়, গোটা বিচার ব্যবস্থার জন্য বড় চ্যালেঞ্জ। এ ঘটনায় পুলিশের তাৎক্ষণিক পদক্ষেপ প্রশংসনীয়। কিন্তু কেবল অভিযুক্তদের গ্রেফতার করলেই দায়িত্ব শেষ হয়ে যায় না। আদালত ও প্রশাসনিক চত্বরের মতো গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তা জোরদার করা এখন সময়ের দাবি। একইসঙ্গে এ ঘটনায় যারা মদদ দিয়েছে বা পরিকল্পনা করেছে, তাদেরকেও আইনের আওতায় আনতে হবে। সমাজে আইনশৃঙ্খলা রক্ষা করতে হলে বিচার ব্যবস্থার প্রতি মানুষের আস্থা ফিরিয়ে আনা জরুরি। প্রতিশোধমূলক সহিংসতার পরিবর্তে আইনের আশ্রয় নেওয়াড় এটাই হতে হবে সবার অভ্যাস। অন্যথায় ন্যায়বিচার প্রতিষ্ঠার জায়গায় যদি ভয় ও অরাজকতা দখল করে নেয়, তবে তা রাষ্ট্রের জন্য অশনিসংকেত ছাড়া কিছু নয়। এই ঘটনার সুষ্ঠু তদন্ত, দোষীদের কঠোর শাস্তি এবং প্রশাসনিক এলাকাগুলোয় নিরাপত্তা জোরদার করার মাধ্যমে সরকারের দায়িত্বশীলতা প্রমাণ করতে হবেএমন বার্তাই দেশবাসী প্রত্যাশা করছে।

মোঃ জাহিদুল ইসলাম

# প্রবাসী আয় : মেহেরপুর জেলার অবস্থান ও করণীয়



গত ২০২৪ - ২৫ অর্থবছরের প্রথম এগার মাসে মেহেরপুর জেলার প্রবাসী আয় ছিল ১০ কোটি ৮ লাখ ডলার। পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার আয় ছিল ১২ কোটি ৯২ লাখ ডলার। একই সময়ে প্রবাসী আয়ের দিক থেকে দেশের প্রথম জেলা ছিল ঢাকা। যার আয়ের পরিমাণ ছিল ৯২৬ কোটি ১৩ লাখ ডলার (সূত্র আমাদের সময়.কম)। বাংলাদেশে প্রবাসী আয়ের দিক থেকে শীর্ষস্থানীয় জেলাগুলোর তুলনায় মেহেরপুর জেলা অনেক পিছিয়ে রয়েছে। হিসাব মতে, জেলার প্রায় ৭০ হাজার যুবক-যুবতী বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত রয়েছে (সূত্র এখন.টিভি)।

প্রবাসী আয়ের ফলে বাংলাদেশের অর্থনীতিতে অনেক ইতিবাচক পরিবর্তন আসে, যেমন: বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি পায়, ডলারের বিপরীতে টাকার মান শক্তিশালী হয়, ব্যাংকগুলোতে ডলারের সংকট কমে আসে, টাকার মূল্য বৃদ্ধি পায়, দারিদ্র্য হ্রাস পায় এবং জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হয়। প্রবাসী আয় সরাসরি পরিবারের সদস্যদের জীবনযাত্রার মান উন্নত করে, যা দারিদ্র্য কমাতে এবং সামগ্রিক সামাজিক উন্নয়নে অবদান রাখে।

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী জনাব মনির হায়দার ১৭/০৫/২০২৫ তারিখে মেহেরপুর শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত একটি প্রোগ্রামে প্রবাসী আয়ের উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন আমাদের অর্থনীতিতে প্রবাসীদের অবদান কৃষির পরেই।

শিক্ষিত বেকারের হার বেপরোয়াভাবে বৃদ্ধির প্রবণতা সমাজে হতাশা সৃষ্টি করছে। শিক্ষিত বেকারদের এক ক্ষুদ্র অংশ বিদেশে যাওয়ার চেষ্টা করলেও অন্য অংশ হতাশায় দিন কাটাচ্ছে ( সূত্র বাংলাদেশ প্রতিদিন)।

জেলার শিক্ষিত, অল্প শিক্ষিত বেকার যুবকদের দক্ষতা ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে পাঠাতে পারলে এবং প্রবাসীদের বৈধ চ্যানেলে টাকা দেশে পাঠাতে উৎসাহিত করলে দ্রুত সময়ের মধ্যেই মেহেরপুর জেলা অর্থনৈতিকভাবে অনেক উন্নতি লাভ করবে। এ ব্যাপারে এখন থেকেই সংশ্লিষ্ট সকল মহলকে আন্তরিকভাবে একযোগে কাজ করতে হবে।

(লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)

# অলৌকিক ঘটনা : মুজিজা, কারামত না কারসাজি?

জাহেদুল ইসলাম

অলৌকিক ঘটনায় মানুষ বিস্মিত হয়, সহজেই প্রভাবিত হয়। কারণ এগুলো প্রকৃতির নিয়মের বাইরে সংঘটিত হয়। তবে সব অলৌকিক ঘটনাই যে ঈমানকে শক্তিশালী করে, তা নয় বরং অনেক সময় এসব ঘটনা শয়তানি ধোঁকা হয়ে মানুষকে বিপথে নিয়ে যায়। তাই মুমিনের জন্য জরুরি হলো ঘটনাকে নয়, বরং এর উৎসকে যাচাই করা। ইসলামে অলৌকিক ঘটনাকে মূলত তিন ভাগে ভাগ করা হয়েছেড় মুজিজা, কারামত ও কারসাজি/জাদু। মুজিজা হলো আল্লাহর পক্ষ থেকে নবী-রাসুলদের হাতে সংঘটিত বিশেষ নিদর্শন, যা তাদের নবুয়ত প্রমাণ করে। যেমন নুহ (আ.)-এর নৌকা, ইবরাহিম (আ.)-এর অগ্নিকুণ্ডে নিরাপদ থাকা, মুসা (আ.)-এর লাঠি সাপে রূপান্তরিত হওয়া কিংবা মুহাম্মদ (সা.)-এর চন্দ্র দ্বিখণ্ডন। এসব ঘটনার উদ্দেশ্য ছিল অবিশ্বাসীদের চ্যালেঞ্জ মোকাবিলা করা এবং মানুষের সামনে আল্লাহর একত্ব ও নবুয়তের সত্যতা প্রমাণ করা।

কারামত হলো নেককার ও তাকওয়াধারী বান্দাদের জীবনে প্রকাশিত অলৌকিক ঘটনা। এগুলো আল্লাহর বিশেষ অনুগ্রহের নিদর্শন। তবে এর সঙ্গে একটি সতর্কবার্তাও জড়িয়ে আছে। কারো কাছ থেকে অলৌকিক কিছু প্রকাশ পেলেই তাকে আল্লাহর ওলি প্রমাণ করা যাবে না। যদি তার আমলে কোরআন-সুন্নাহবিরোধী আচরণ থাকে, তবে তা আসল কারামত নয়, বরং ইস্তিদরাজ অর্থাৎ প্রতারণামূলক ধোঁকা। কারসাজি বা জাদু হলো প্রতারণামূলক অলৌকিক প্রদর্শনী, যা শয়তান বা দুষ্ট জিনের প্রভাবে কিংবা নিছক ভেলকিতে সংঘটিত হয়। যেমন ফেরাউনের জাদুকরদের প্রদর্শনী, যা মুহূর্তেই মুসা (আ.)-এর লাঠির আঘাতে ভণ্ডামি প্রমাণিত হয়েছিল। আজও বিভিন্ন কৌশল, রাসায়নিক বা হাতের খেলার মাধ্যমে মানুষকে বিভ্রান্ত করা হয়। এ ধরনের কারসাজির সবচেয়ে ভয়াবহ রূপ দেখা যাবে কিয়ামতের আগে, যখন দাজ্জাল অলৌকিক প্রদর্শনের মাধ্যমে মানুষকে ঈমানহারা করার চেষ্টা করবে। সুতরাং কোনো অলৌকিক ঘটনা দেখেই মুগ্ধ হওয়া উচিত নয়। বরং দেখতে হবেড়এটা কি কোরআন-সুন্নাহসম্মত পথের নিদর্শন, নাকি শয়তানি প্রতারণা? মুজিজা নবুয়তের প্রমাণ, কারামত নেক বান্দার অনুগ্রহ, আর কারসাজি হলো বিভ্রান্তির ফাঁদ।

একজন সচেতন মুমিনের কর্তব্য হলো অলৌকিক ঘটনার মোহে না পড়ে কোরআন-সুন্নাহকে জীবনের মানদণ্ড হিসেবে গ্রহণ করা।

## “শিক্ষক মানে আলো, পথ দেখায়

(প্রথম পৃষ্টার পর)

স্বীকৃতি শিক্ষার মান উন্নয়নে নতুন উদ্দীপনা সৃষ্টি করবে।” শিক্ষাবিদরা মনে করেন, এই ধরনের সম্মাননা অনুষ্ঠান শিক্ষকদের মর্যাদা বৃদ্ধি করে এবং শিক্ষা খাতে উদ্ভাবনী শক্তি জাগ্রত করে। মেহেরপুর জেলা প্রশাসন আশা করছে, এই উদ্যোগ শিক্ষার মান উন্নয়নে আরও সহায়ক হবে।

## মেহেরপুরে নারীর কর্মজীবনে দৃশ্যমান

(প্রথম পৃষ্টার পর)

সমাজকর্মী মাহবুবুল হক মন্টু বলেন, “গ্রামীণ নারী শ্রমিকরা আগের তুলনায় অনেক বেশি সচেতন। নানা কাজে তাদের অংশগ্রহণ বেড়েছে। কৃষিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এতে তারা শুধু স্বাবলম্বী হচ্ছেন না, বরং আর্থসামাজিক উন্নয়নে অংশ নিচ্ছেন।” মেহেরপুর মহিলাবিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন জানান, “সরকারি ও বেসরকারি পর্যায়ে নারীদের আত্মকর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পেয়েছে। আমরা আরও প্রশিক্ষণ ও সহায়তার উদ্যোগ নিচ্ছি।” বর্তমানে নারীরা নানা ধরনের প্রশিক্ষণ নিচ্ছেন, আয়বর্ধক কাজ শিখছেন এবং নিজেদের উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত করছেন। শিক্ষিত ও দক্ষ এই নারী প্রজন্মের মাধ্যমে মেহেরপুরে সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের ধারা দৃঢ় হচ্ছে।

## ঝিনাইদহে জমির ন্যায্য মুল্যের

(প্রথম পৃষ্টার পর)

রাখেন। মানববন্ধন থেকে বক্তারা অভিযোগ করেন, জমির মালিকদের ২০২২ সালের মৌজা মুল্য দেওয়া হচ্ছে। যেসব জমির দাম ১০ লাখ টাকা সেই জমির দাম দেওয়া হচ্ছে ২ লাখ টাকা করে। এছাড়াও একটি বাড়ি বা প্রতিষ্ঠানের সম্পুর্ণ ক্ষতিপুরণ না দিয়ে আংশিক দিচ্ছে কর্তৃপক্ষ। তাই মালিক ও ব্যবসায়ীদের ন্যায্য মুল্যে নিশ্চিতের দাবী জানানো হয়। পরে ঝিনাইদহ-যশোর মহাসড়ক অবরোধ করা হয়। এতে বন্ধ হয়ে যায় ঝিনাইদহ থেকে যশোর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গাগামী সকল রুটের যানচলাচল। প্রায় ১ ঘন্টাপর আবারো কর্মসূচীর হুশিয়ারি দিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা দেদারুল ইসলামের আশ্বাসে অবরোধ তুলে নেয় আন্দোলনকারীরা।

## মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে গাছের

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠানের আয়োজন করা হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে চারা তুলে দেন। তিনি অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, “একটি গাছ সকলের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি আপনার দুর্দিনে বন্ধুর মত কাজ করে। তাই গাছ লাগান, পরিবেশ বাঁচান।” অনুষ্ঠানে সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোহাম্মদ মনিরুল ইসলাম, গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি খালিদ সাইফুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহারুল ইসলাম, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ এবং গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম প্রমুখ উপস্থিত ছিলেন।

## কুষ্টিয়ায় পলিটেকনিক শিক্ষার্থীদের

(প্রথম পৃষ্টার পর)

পাঁচরাস্তার মোড়ে জড়ো হয়ে এ কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা। এ সময় পলিটেকনিক শিক্ষার্থীরা বলেন, ‘বিএসসি ইঞ্জিনিয়াররা দশম গ্রেডে অন্তর্ভুক্ত হলে আমাদের চাকরির জায়গা সংকুচিত হয়ে যাবে। বিএসসিদেরও দাবিগুলো মেনে নেওয়ার ষড়যন্ত্র প্রায় শেষ। তাই আমাদের আর বসে থাকার সুযোগ নেই। সকল দাবি আদায় না হওয়া পর্যন্ত আমরা রাজপথ ছাড়ব না।’ প্রয়োজনে আরও কঠোর কর্মসূচি গ্রহণেরও হুঁশিয়ারি দেন তারা। কর্মসূচি চলাকালে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। সড়কের দু’পাশে সৃষ্টি হয় দীর্ঘ যানজট। ঘণ্টাব্যাপী এ কর্মসূচিতে পলিটেকনিক ইনস্টিটিউটের কয়েক শতাধিক শিক্ষার্থীরা অংশ নেন।

## ফয়জুল কবির মেহেরপুর জেলা গুণী

(প্রথম পৃষ্টার পর)

বাংলাদেশ টেলিভিশন ক্লাস পেজেন্টার, নাট্য নির্দেশক ও মঞ্চনাট্য অভিনেতা হিসেবে কর্মরত। তিনি ১৯৯১ সালে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় থেকে এস এস সি, ১৯৯৩ সালের মেহেরপুর সরকারি কলেজ থেকে এইচএসসি, ১৯৯৭ সালে একই কলেজ থেকে বি এস এস, ২০০৩ সালে ইসলামিক বিশ্ববিদ্যালয় থেকে এম এ এবং ২০২১ সালে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এম এড লাভ করেন। শিক্ষক ফয়জুল কবির বলেন, “এই অর্জন শুধুমাত্র আমার ব্যক্তিগত নয়, এটি আমার বিদ্যালয়ের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের। আমার এই সাফল্য আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের উৎসর্গ করলাম।” তিনি মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মৃত আব্দুল কুদ্দুস মোল্লার বড় সন্তান এবং তিন কন্যার জনক। তার বড় মেয়ে ইংরেজি অনার্স ৪র্থ বর্ষের ছাত্রী, মেজ মেয়ে সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজে অধ্যয়নরত এবং ছোট মেয়ে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণিতে পড়ছে।

## চুয়াডাঙ্গায় সবুজ উদ্যোক্তা উন্নয়ন

(প্রথম পৃষ্টার পর)

হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম। সভাপতিত্ব করেন ওয়েভ ফাউন্ডেশনের উপদেষ্টা অধ্যাপক সিদ্দিকুর রহমান। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ, সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশীদ ও মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মাকসুরা জান্নাত। অনুষ্ঠানে স্থানীয় গণমাধ্যম প্রতিনিধি, যুব অংশগ্রহণকারী, মেন্টর ও অংশীজনসহ বিভিন্ন প্রতিষ্ঠান ও নাগরিক সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন প্রকল্প সমন্বয়কারী মো. শরিফুল আলম। প্রকল্প সম্পর্কে উপস্থাপনা করেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক নাজমা সুলতানা লিলি।

## গাংনীতে জমইয়াতো হিববুল্লাহ্ কর্মী

(প্রথম পৃষ্টার পর)

সম্মেলনের মাধ্যমে কর্মীদের মধ্যে ঐক্য, শৃঙ্খলা ও ইসলামী দাওয়াতের কাজে নতুন উদ্দীপনা সৃষ্টি হবে। প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী নিরাপত্তা নিশ্চিত করে অনুষ্ঠান শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়।

## মেহেরপুর সরকারি কলেজে “প্রতি

(প্রথম পৃষ্টার পর)

মালিথ্যা। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক বশির আহমেদের সঞ্চালনায় বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক মইনুল ইসলাম এবং প্রভাষক এস এম আশরাফুল হাবিব। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, “আমরা একটি নতুন বাংলাদেশ চাই, যেখানে থাকবে না কেসিনো, থাকবে না মাদক, থাকবে না বাল্যবিবাহ।” মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সরকারি কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক মোঃ খেজমত আলী মালিথ্যার সম্পাদনায় প্রকাশিত বার্ষিক ম্যাগাজিন “প্রতি চিন্তা”তে কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের লেখা স্থান পেয়েছে। অনুষ্ঠানে সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, মুন্সি এ এইচ এম রাশিদুল হক, হাসানুজ্জামান, কাওসার আলী, নিগার ইসলাম, প্রভাষক সানজিদা ফেরদৌস, মনিরুজ্জামান, মিলন মন্ডল, মীর মোহাম্মদ মাহফুজ আলী, নাহিদ আনদালিব ও শরীরচর্চা শিক্ষক আলমগীর হোসেনসহ অনেকে উপস্থিত ছিলেন।

## কুষ্টিয়া জেনারেল হাসপাতালে দুদকের

(প্রথম পৃষ্টার পর)

জানান, সব বিষয়ের নথিপত্র সংগ্রহ করে এবং তা আরও খতিয়ে দেখে ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পাঠানো হবে। এরপর মন্ত্রণালয় এ ব্যাপারে ব্যবস্থা নেবে বলেও জানান তিনি।

## তারুণ্যের উৎসবে যুব ঋণ বিতরণ

(প্রথম পৃষ্টার পর)

সাজ্জাদ, আর বক্তব্য রাখেন ডেপুটি কো-অর্ডিনেটর গিয়াস উদ্দিন সরকার। অনুষ্ঠানে মোট ৬ লাখ ৫০ হাজার টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয় ৫ জন প্রশিক্ষিত যুবকের মাঝে। বক্তারা জানান, এ ধরনের উদ্যোগ তরুণদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক হবে এবং দেশের উন্নয়নে তারা আরও কার্যকর ভূমিকা রাখতে পারবে।

## মেহেরপুর সদর উপজেলায়

(প্রথম পৃষ্টার পর)

মাঠে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন। সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোহাম্মদ মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি খালিদ সাইফুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের খেলোয়াড়রা মনোজ্ঞ কুচকাওয়াজ প্রদর্শন করে। সদর উপজেলা নির্বাহী অফিসার প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। অনুষ্ঠানে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ক্রীড়া শিক্ষকরা উপস্থিত ছিলেন। সপ্তাহব্যাপী চলতে থাকা এই গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় ছেলে ও মেয়েদের মধ্যে ফুটবল, কাবাডি, হ্যান্ডবল, সাঁতার এবং দাবার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

## মেহেরপুরে সাম্প্রদায়িক সম্প্রীতি

(প্রথম পৃষ্টার পর)

অপস্থিতিশীলতা সৃষ্টি করছে। নিজেদের মধ্যে হিংসা ছড়াচ্ছে। দেশের উন্নয়নের জন্য সকল ধর্মের মানুষকে একে অপরের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। হিন্দু, মুসলিম, খ্রিস্টানড়সব ধর্মই শান্তির শিক্ষা দেয়, কিন্তু আমরা তা অনুসরণ করছি না। আমাদের দায়িত্ব হলো শান্তিপূর্ণ অবস্থায় থাকা এবং কোন গোষ্ঠীর উসকানিতে ভুগতে না দেওয়া।” সভায় আরও জোর দিয়ে বলা হয়, অনেকেই অজ্ঞাতসারে ধর্মের নামে বিভ্রান্তি ছড়াচ্ছে। তাই দেশের কল্যাণ ও শান্তির জন্য সবাইকে সচেতন থাকা জরুরি।

## র‌্যাবের অভিযানে গাঁজা উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

হয়েছে। আটক মোঃ সহিদ বিশ্বাস (৬৮) চুয়াডাঙ্গা জেলার দামুরহুদা থানার ইব্রাহিমপুর গ্রামের বাসিন্দা।র?্যাব-১২ অধিনায়ক এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা, গত বৃহস্পতিবার ( ১৬ সেপ্টেম্বর) রাত১২ টার দিকে সিপিসি-৩, মেহেরপুর কোম্পানীর আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে খবর পায় মোঃ সহিদ বিশ্বাস দীর্ঘদিন ধরে অবৈধভাবে গাঁজা ক্রয় ও বিক্রয় করে আসছিল। এ সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে মোঃ সহিদ বিশ্বাসকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে ৪ কেজি ৩৫০ গ্রাম গাঁজা ও ৩টি মোবাইল ফোন উদ্ধার করা হয়। আটক সহিদ বিশ্বাসকে আইনগত প্রক্রিয়া শেষে থানায় হস্তান্তর করা হবে। র?্যাব-১২ এর সিপিসি-৩ এর কোম্পানি কমান্ডার জানিয়েছেন, এই ধরনের অভিযান অব্যাহত থাকবে এবং দেশের আইনশৃঙ্খলা ও নিরাপদ বাংলাদেশ গঠনে র?্যাব প্রতিশ্রুতিবদ্ধ।

## নির্বাচন হতেই হবে: চরমোনাই পীর

(শেষ পৃষ্টার পর)

তারিককে পরিচয় করিয়ে দেওয়া হয়। শিক্ষার মান অবনতির কারণে প্রাথমিক বিদ্যালয়গুলো শিক্ষার্থীশূন্য হয়ে যাচ্ছে উল্লেখ করে রেজাউল করীম বলেন, শিশুদের মধ্যে মানসিক ও আদর্শিক ঘাটতি দেখা দিচ্ছে। অথচ সরকার স্কুলে ধর্মীয় শিক্ষক না দিয়ে গান শেখানোর জন্য শিক্ষক নিয়োগ দিচ্ছে। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, “ধর্মীয় শিক্ষক নিয়োগ না দিলে দেশের মানুষ রাজপথে নামতে বাধ্য হবে।” এর আগে মঙ্গলবার কাকরাইলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে জাতীয় ওলামা মাশায়েখ আইম্মা পরিষদের এক সেমিনারে রেজাউল করীম বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে একটি দলের নেতার আচরণই প্রমাণ করে সুশিক্ষার অভাব রয়েছে। বিএনপির প্রতি ইঙ্গিত করে তিনি বলেন, “যারা ইসলামী মূল্যবোধের কথা বলে অথচ দেশকে মৌলবাদের অভয়ারণ্য হতে দেওয়া হবে না বলে হুমকি দেয়,

## কুষ্টিয়ায় পিস ফ্যাসিলিটেটর গ্রুপের

(শেষ পৃষ্টার পর)

ওয়াইপিএজি সমন্বয়কারী সাদিক হাসান রহিদসহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। আলোচনায় উঠে আসে ৩নং ওয়ার্ডে সাম্প্রতিক সহিংসতা ও মাদক বিষয়ক সমস্যা। সদস্যরা ঐ এলাকায় সম্প্রীতির পিস ইভেন্ট আয়োজন ও স্মারক লিপি প্রদানের সিদ্ধান্ত নেন। এছাড়া আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপন ও আসন্ন দুর্গাপুজা উপলক্ষে মন্দির পরিদর্শন, সহিংসতা প্রতিরোধ ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের পরিকল্পনা গৃহীত হয়। সভাপতির বক্তব্যে আবু হেনা মোহাম্মদ গোলাম রসুল বাবলু বলেন, “পিএফজির মাধ্যমে সম্প্রীতির বার্তা ছড়িয়ে দেওয়া হচ্ছে, যা নিউজলেটারের মাধ্যমে ডকুমেন্ট করা জরুরি। নিজ নিজ অবস্থান থেকে সহিংসতা প্রতিরোধে কার্যক্রম বৃদ্ধি করা প্রয়োজন, যা শান্তিপূর্ণ সমাজ গঠনে বড় ভূমিকা রাখবে।”

## জামায়াতের যুগপৎ আন্দোলনের

(শেষ পৃষ্টার পর)

তারেক রহমান। বৈঠকে নেতারা মনে করেন, জামায়াতের যুগপৎ আন্দোলনের উদ্দেশ্য নির্বাচনের আগেই মাঠের কর্তৃত্ব নিজেদের হাতে নেওয়া এবং নেতাকর্মীদের চাঙা রাখা। এ অবস্থায় বিএনপি নিজস্ব কর্মসূচির মাধ্যমে সংগঠনের নেতাকর্মীদের নির্বাচনমুখী করতে চাইছে। আগামীকাল বৃহস্পতিবার থেকে জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলন বাংলাদেশসহ কয়েকটি সমমনা দল উভয় কক্ষে পিআর পদ্ধতি চালুর দাবি ও জুলাই সনদের অধীনে জাতীয় নির্বাচনসহ অভিন্ন দাবিতে মাঠে নামবে। প্রাথমিকভাবে ঢাকাসহ দেশব্যাপী তিন দিনের কর্মসূচি ঘোষণা করেছে তারা। বিএনপির স্থায়ী কমিটি মনে করছে, এই কর্মসূচির মাধ্যমে সরকার ও বিএনপির ওপর চাপ সৃষ্টির চেষ্টা চলছে। তাই এর জবাবে নিজেদের নেতাকর্মীদের জনসম্পৃক্তিমূলক কাজে ঝুঁকতে নির্দেশনা দেওয়া হয়েছে। বিএনপি সূত্র জানায়, আগামী নির্বাচনে প্রতিটি আসনে একক প্রার্থী দেওয়ার চেষ্টা করবে দল। পদ-পদবির কারণে কেউ যাতে বিদ্রোহী প্রার্থী না হন, সে বিষয়ে কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে। যদিও বর্তমানে অধিকাংশ আসনে একাধিক সম্ভাব্য প্রার্থী প্রচারণায় ব্যস্ত। গণঅভ্যুত্থানের পর বিএনপির বিরুদ্ধে নানামুখী অপপ্রচারের প্রেক্ষাপটে অভিযোগের ভিত্তিতে অনেক নেতাকর্মীর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছিল। পরবর্তীতে অভিযোগের সত্যতা না পাওয়া গেলে নির্দোষদের স্বপদে ফিরিয়ে আনার সিদ্ধান্ত হয়। বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু নির্বাচনে ভরাডুবি এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জাকসু বর্জন নিয়ে ক্ষোভ প্রকাশ করেন নেতারা। তারা মনে করেন, এসব ঘটনায় জাতীয় নির্বাচনে নেতিবাচক প্রভাব পড়তে পারে। দুর্বলতা খুঁজে বের করে তা কাটিয়ে ওঠার পরামর্শ দেওয়া হয়। বৈঠকে জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন নিয়েও আলোচনা হয়। এ বিষয়ে সর্বশেষ অবস্থা তুলে ধরেন স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। পরে সাংবাদিকদের তিনি বলেন, রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করার অধিকার জামায়াতসহ সব দলেরই রয়েছে। সংবিধান সংশোধন ছাড়া অন্যান্য সংস্কার প্রস্তাব বর্তমান সরকারই বাস্তবায়ন করতে পারে। তিনি আরও জানান, বিএনপি ভিন্ন পন্থা খুঁজে বের করার জন্য সুপ্রিম কোর্টের কাছে মতামত নেওয়ার প্রস্তাব দিয়েছে। আলোচনার মধ্য দিয়ে বৈধ কোনো পন্থা বের হলে তাতেও আপত্তি নেই। বৈঠকে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ছাড়াও স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন, মির্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়, ড. আব্দুল মঈন খান, নজরুল ইসলাম খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী, সালাহউদ্দিন আহমেদ, সেলিমা রহমান, ইকবাল হাসান মাহমুদ টুকু, মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ ও অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন উপস্থিত ছিলেন।

# বাংলাদেশ আর নতুন রোহিঙ্গা আশ্রয় দেবে না

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ আর নতুন রোহিঙ্গাকে আশ্রয় দেবে না। বরং ইতিমধ্যেই আশ্রিত রোহিঙ্গাদের তাদের নিজ মাতৃভূমিতে ফিরিয়ে পাঠানোর প্রক্রিয়ায় সরকার অঙ্গীকারবদ্ধ। এ কথা জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল ড. এম সাখাওয়াত হোসেন। বুধবার সিরডাপ মিলনায়তনে রোহিঙ্গা ইস্যুতে আয়োজিত এক আলোচনা সভায় তিনি বলেন, “আন্তর্জাতিক সহায়তা ছাড়া রোহিঙ্গাদের প্রত্যাবাসন সম্ভব নয়। তবে সরকার কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে।” কবি ও চিন্তক ফরহাদ মজহার বলেন, রোহিঙ্গা সমস্যা কেবল একটি আন্তর্জাতিক সমস্যা নয়, এটি রাজনৈতিক, সামরিক ও ভূরাজনৈতিক দিকও রয়েছে। তিনি আন্তর্জাতিক সম্প্রদায়কে সমস্যার সমাধানে এগিয়ে আসার আহ্বান জানান। সরকার আশা করছে, আগামী বছর রোহিঙ্গারা স্ব স্ব দেশে ফিরে যেতে পারবে।

# পিসিবি প্রধানের হাত থেকে এশিয়া কাপের ট্রফি নেবে না ভারত?

সূর্যোদয় প্রতিবেদন

ক্রিকেটপ্রেমীদের জন্য উত্তেজনার খনি হয়ে দাঁড়িয়েছে এশিয়া কাপ, কিন্তু এবার মাঠের বাইরের বিতর্কই আলোচনার কেন্দ্রবিন্দুতে। রবিবারের ভারত-পাকিস্তান ম্যাচের পর খেলোয়াড়দের মধ্যে হ্যান্ডশেক না করার ঘটনা নতুন সংকটের জন্ম দিয়েছে। এশিয়া কাপের আয়োজক পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) এবং আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি)-এর মধ্যে চলমান বিরোধের কারণে টুর্নামেন্টের ভবিষ্যৎও অনিশ্চিত হয়ে পড়েছে। এ বিষয়ে দু’পক্ষই এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) কাছে নিজেদের অনুরোধ জানিয়েছে। পিসিবি ম্যাচ রেফারি অ্যান্ডি পাইক্রফটকে সরানোর দাবি জানায়, যা আইসিসি মেনে নিয়েছে। তবে পরবর্তী ম্যাচে তিনি থাকবেন কি না, তা এখনও নিশ্চিত হয়নি।

এই সংকটে নতুন মাত্রা যোগ করেছেন ভারতীয় দলের অধিনায়ক সূর্যকুমার যাদব। নির্ভরযোগ্য সূত্রে খবর, যদি ভারত এশিয়া কাপের ফাইনালে জয়ী হয়, তিনি পিসিবি চেয়ারম্যান মহসিন নাকভি এবং এসিসি প্রধানের হাত থেকে ট্রফি গ্রহণ করবেন না। এই তথ্য এসিসিকেও জানানো হয়েছে। পিসিবি’র পক্ষ থেকে বিষয়টি নিয়ে অসন্তোষ প্রকাশ করা হয়েছে। মহসিন নাকভি মনে করেন, এই ধরনের সিদ্ধান্ত আগে থেকে নেওয়া হলে মাঠে কোনো বিব্রতকর পরিস্থিতি তৈরি হতো না। পাকিস্তানও আশা করছে, ভবিষ্যতে এমন পরিস্থিতি এড়াতে সব বিষয় আগেভাগেই স্পষ্ট করা হোক। ফলে, এশিয়া কাপের বর্তমান পরিস্থিতি জটিল হয়ে উঠেছে। ভারত-পাকিস্তানের দ্বন্দ্বে এখন মাঠের খেলা নয়, মাঠের বাইরের উত্তেজনা যেন সকল আলোচনার কেন্দ্রবিন্দুতে। মহসিন নাকভি শীঘ্রই একটি আনুষ্ঠানিক ঘোষণা দিতে পারেন, যেখানে পাকিস্তানের অংশগ্রহণ নিশ্চিত করার পাশাপাশি তাদের উদ্বেগও তুলে ধরা হবে।

# পরের রাউন্ডে ভালো খেলবে বাংলাদেশ : নান্নু

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপে গ্রুপ পর্বে নিজেদের তৃতীয় ও শেষ ম্যাচে জয় পেয়েছে বাংলাদেশ। আফগানিস্তানকে আট রানে হারানোয় সুপার ফোরে ওঠার সম্ভাবনা মিট মিট করে জ্বলছে লিটন দাসের দলের। টুর্নামেন্টে এটি বাংলাদেশের দ্বিতীয় জয়। বিসিবির সাবেক প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন নান্নুর মতে, এভাবে খেলতে থাকলে পরের রাউন্ডে ভালো খেলবে বাংলাদেশ। ম্যাচ শেষে নান্নু বলেন, অবশ্যই এই ধরনের একটা জয় তো এশিয়া কাপে খুব জরুরি দরকার ছিল... একটা পথ দেখা যাচ্ছে। আশা করি ১৮ তারিখের একটা ফলাফল দেখে আমরা সেকেন্ড রাউন্ডে গিয়ে ভালো ক্রিকেটটা খেলার জন্য একটা সাহস জোগাবে। তিনি বলেন, আমি মনে করি যে একটা সুযোগ তৈরি হয়েছে, এখন অপেক্ষায় আছি যদি সেকেন্ড রাউন্ডে যাই, ইনশাআল্লাহ এই এভাবে খেলতে থাকলে পরের রাউন্ডে ভালো খেলবে। চার ওভারে মাত্র ১১ রান দিয়ে দুই উইকেট নেয়ায় ম্যাচসেরার পুরস্কার জেতেন নাসুম। তার পাশাপাশি দুটি উইকেট নেন রিশাদ হোসেনও। দুই স্পিনারের নিয়ন্ত্রিত বোলিংয়ে আফগানিস্তান অলআউট হয় ১৪৬ রানে।এর আগে ব্যাটিংয়ে ভালো শুরু এনে দেন দুই ওপেনার। তানজিদ হাসান তামিম করেন ৩১ বলে ৫২ রান, সাইফ হাসান করেন ২৮ বলে ৩০। তবে মাঝের ও শেষের ব্যাটসম্যানরা ছন্দ ধরে রাখতে না পারায় দলীয় সংগ্রহ থামে ১৫৪ রানে। নান্নুর মতে, শুরুতে নেওয়া দুটি উইকেট এবং কার্পণ্য বোলিং ছিল ম্যাচের মোড় ঘোরানো মুহূর্ত। তিনি বলেন, ম্যাচটার টার্নিং পয়েন্ট তো ওই জায়গায়... এটা টোটাল টিম এফোর্ট এবং টিম পারফরম্যান্স।

# তিক্ততা কাটিয়ে আবারও ‘বন্ধু’ নরেন্দ্র মোদি ও ডোনাল্ড ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৭৫তম জন্মদিনে শুভেচ্ছা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সাম্প্রতিক শুল্ক বিরোধের কারণে দুই দেশের সম্পর্কে তৈরি হওয়া শীতলতার মাঝেই গতকাল মঙ্গলবার তাঁদের মধ্যে ফোনালাপ হয়েছে। আন্তর্জাতিক অঙ্গনে এটিকে দুই নেতার সম্পর্কের নতুন উষ্ণতার ইঙ্গিত হিসেবে দেখা হচ্ছে। ফোনালাপের পর ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে লিখেছেন, “আমার বন্ধু মোদি একটি অসাধারণ কাজ করছেন। রাশিয়াইউক্রেন যুদ্ধের অবসানে সহায়তার জন্য তাঁকে ধন্যবাদ।” জবাবে এক্সে (টুইটার) পোস্ট করে নরেন্দ্র মোদি লিখেছেন, “জন্মদিনের শুভেচ্ছার জন্য আমার বন্ধু ডোনাল্ড ট্রাম্পকে ধন্যবাদ। ভারতযুক্তরাষ্ট্র অংশীদারত্বকে আরও উচ্চতায় নিয়ে যেতে চাই। ইউক্রেন যুদ্ধ বন্ধে আপনার পদক্ষেপে আমাদের পূর্ণ সমর্থন রয়েছে।” রাশিয়ার কাছ থেকে অপরিশোধিত তেল কেনার কারণে সম্প্রতি ভারতের ওপর শাস্তিমূলক ২৫ শতাংশ শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র। উভয়পক্ষের পারস্পরিক পদক্ষেপ মিলিয়ে মোট শুল্ক দাঁড়িয়েছে ৫০ শতাংশে। এ কারণে বাণিজ্য আলোচনায় অচলাবস্থা দেখা দেয় এবং দুই নেতার মধ্যে প্রকাশ্যে তীক্ষ্ণ বাক্য বিনিময় হয়। ভারত মার্কিন শুল্ককে ‘অন্যায়’ বলেছিল, আর ট্রাম্প ভারতের অর্থনীতিকে ‘মৃত’ হিসেবে আখ্যা দিয়েছিলেন। তবে উত্তেজনার মধ্যেই মঙ্গলবার দিল্লিতে বৈঠক করেছেন মার্কিন বাণিজ্য আলোচক ব্রেন্ডান লিঞ্চের নেতৃত্বে একটি দল ও ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা। দিল্লির পক্ষ থেকে জানানো হয়েছে, এটিকে পূর্ণাঙ্গ বাণিজ্য আলোচনার সূচনা হিসেবে দেখা ঠিক হবে না, বরং এটি কেবল ‘আলোচনার চেষ্টা’। কূটনৈতিক মহল মনে করছে, ট্রাম্পমোদির সাম্প্রতিক ফোনালাপ দুই দেশের মধ্যে সম্পর্কের নতুন অধ্যায়ের ইঙ্গিত হতে পারে। শুল্ক সংকট কাটিয়ে দ্বিপক্ষীয় বাণিজ্য ও কৌশলগত সহযোগিতা আবারও জোরদার হবে বলেও আশা করা হচ্ছে।

# ভারতজুড়ে গণবিক্ষোভের শঙ্কা অমিত শাহের

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পুলিশ গবেষণা ব্যুরোকে (বিপিআরঅ্যান্ডডি) নির্দেশ দিয়েছেন ১৯৭৪ সালের পর থেকে সংঘটিত প্রতিটি বড়ো বিক্ষোভ ও আন্দোলনের গতিপ্রকৃতি গভীরভাবে সমীক্ষা করে একটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) তৈরি করতে। শ্রীলংকা, বাংলাদেশ ও নেপালসহ প্রতিবেশী দেশগুলোর তরুণ নেতৃত্বে সরকার পতনের ঘটনার পর পরিপ্রেক্ষিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে, লক্ষ্য ভবিষ্যতে ‘স্বার্থান্বেষী গোষ্ঠী’ বা নেপথ্যের শক্তি দ্বারা সংগঠিত ব্যাপক আন্দোলন প্রতিহত করা। (ইন্ডিয়ান এক্সপ্রেসের প্রতিবেদন অনুবৃত্ত) সংবাদসূত্র জানায়, জুলাইয়ের শেষ সপ্তাহে ইন্টেলিজেন্স ব্যুরোর আয়োজনে দুইদিনব্যাপী ‘ন্যাশনাল সিকিউরিটি স্ট্র্যাটেজিস কনফারেন্স-২০২৫’-এ এ বিষয়ে বিস্তারিত নির্দেশ দেন অমিত শাহ।